# বার্ষিক প্রতিবেদন ২০২৪

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়**

# বার্ষিক প্রতিবেদন ২০২৪

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)**


রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট : www.ntrca.gov.bd

# বার্ষিক প্রতিবেদন-২০২৪

## নির্দেশনায়

**জনাব মোহাম্মাদ মফিজুর রহমান**
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।

## সার্বিক তত্ত্বাবধানে

**জনাব এরাদুল হক**
সদস্য (যুগ্মসচিব), প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা।

## সম্পাদনা পরিষদ

জনাব এ এম এম রিজওয়ানুল হক, সচিব (উপসচিব), এনটিআরসিএ - আহ্বায়ক
জনাব কাজী কামরুল আহছান, পরিচালক (উপসচিব), শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ - সদস্য
প্রফেসর মোহাম্মদ আবদুর রহিম খোন্দকার, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) - সদস্য
জনাব ফিরোজ আহমেদ, সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১) - সদস্য
জনাব মোঃ মাইনুল ইসলাম, সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-৩) - সদস্য
জনাব ফয়জার আহমেদ, সহকারী পরিচালক (ক্রয় ও সেবা) - সদস্য
জনাব শারমিন সুলতানা, সহকারী পরিচালক (প্রশাসন) - সদস্য-সচিব

## সহযোগিতায়

জনাব মুহম্মদ নূরে আলম সিদ্দিকী
সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা।
জনাব মোঃ শাহাদাত হোসেন
সদস্য (যুগ্মসচিব), শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা।
ড. এস এম আতিয়ার রহমান, সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)
জনাব মোঃ নূর আলম, ডাটা এন্ট্রি অপারেটর, এনটিআরসিএ।
জনাব মোঃ আরিফুল ইসলাম, প্রকাশনা সহকারী, এনটিআরসিএ।
জনাব মোঃ মাহাবুব আলম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, এনটিআরসিএ।

**প্রকাশকাল**
মার্চ, ২০২৫

**কাঠামো ও অলংকরণ**
জনাব শারমিন সুলতানা, সহকারী পরিচালক (প্রশাসন), এনটিআরসিএ।

**প্রচ্ছদ**
জনাব মোঃ মোস্তফা নুরুন্নবি শাকিল, সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ।
জনাব রফিকুল, সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ।

**অলংকরণ ও মুদ্রণ :**
ফেয়ারপ্লে প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স
fairplay904@gmail.com, +৮৮ ০১৮৪২-০৩৫৯৪০



**চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)**
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

# বাণী

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের মাধ্যমে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০০৫ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠিত হয়। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা এবং চতুর্থ শিল্প বিপ্লবের ঝুঁকি এড়াতে নতুন প্রজন্মকে সৎ, নিষ্ঠাবান, নৈতিক মূল্যবোধে উদ্দীপ্ত, উদ্যোক্তা মনোভাবাপন্ন, আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন মানব সম্পদ হিসেবে গড়ে তোলা দরকার। এজন্য টেকসই উন্নয়ন অভিষ্ট-৪ অনুযায়ী মানসম্মত শিক্ষা নিশ্চিত করা জরুরি। আর মানসম্মত ও গুণগত শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজন মেধাবী, যোগ্য ও দক্ষ শিক্ষক।

বাংলাদেশে শতকরা প্রায় সত্তর ভাগ শিক্ষার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকদের শতকরা প্রায় নব্বই ভাগ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত। এনটিআরসিএ প্রতিষ্ঠার পর হতে উন্মুক্ত প্রতিযোগিতা ও ডিজিটাল পদ্ধতির মাধ্যমে বিষয়ভিত্তিক যোগ্য ও মেধাবী শিক্ষক নির্বাচনে স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রেখে কাজ করে যাচ্ছে। বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য যোগ্যতা নির্ধারণী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন, প্রত্যয়ন ও তালিকা প্রস্তুতকরণ কর্তৃপক্ষের কর্ম অধিক্ষেত্রের আওতাভুক্ত। শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দের পরিপত্রের আলোকে এনটিআরসিএ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শিক্ষকের শূন্য পদের বিপরীতে নিয়োগ সুপারিশ করে আসছে।

বর্তমান সরকার শিক্ষাক্ষেত্রে যে সংস্কার পরিকল্পনা গ্রহণ করেছে তার সফল বাস্তবায়নের জন্য প্রয়োজন যোগ্য ও মেধাবী শিক্ষক। দেশের বিদ্যমান মেধা সম্পদকে নিবিড়ভাবে যাচাই করে যোগ্য ও মেধাবী শিক্ষক নির্বাচনের কাজটি এনটিআরসিএ নিষ্ঠার সাথে করে যাচ্ছে।

বার্ষিক প্রতিবেদন-২০২৪ প্রকাশের মাধ্যমে এনটিআরসিএ-এর কার্যক্রমের চিত্র তুলে ধরায় প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। এ প্রতিবেদন তৈরি ও প্রকাশের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

(মোহাম্মাদ মফিজুর রহমান)

NON-GOVERNMENT TEACHERS' REGISTRATION & CERTIFICATION AUTHORITY

উপযুক্ত শিক্ষক গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ

NTRCA

স্থাপিত ২০০৫

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ



**সচিব (উপসচিব)**
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

# সম্পাদকীয়

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ার জন্য যে লক্ষ্য স্থির করা হয়েছে তার সফল বাস্তবায়নের জন্য দরকার আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ও দক্ষ মানবসম্পদ। দেশের বর্তমান মেধা সম্পদকে কাজে লাগিয়ে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার মূল কাজটিই করে যাচ্ছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। দেশে দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে সরকার এনটিআরসিএ-এর মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের প্রত্যয়ন প্রদান ও শূন্যপদের ভিত্তিতে নিয়োগের সুপারিশ করে আসছে। ফলে সরকার দ্রুততম সময়ের মধ্যে দক্ষ শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারছে।

এ বছর এনটিআরসিএ তার কার্যক্রমকে আরও স্বচ্ছ, গতিশীল ও প্রযুক্তিনির্ভর করার জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষক নিবন্ধন পরীক্ষা, মেধাভিত্তিক নিয়োগ সুপারিশ, ডিজিটাল আবেদন ব্যবস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে এনটিআরসিএ-এর অগ্রগতি ছিল উল্লেখযোগ্য। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে এনটিআরসিএ-এর নীতিমালাকে আরও আধুনিক ও যুগোপযোগী করার উদ্যোগ নেয়া হয়েছে। সরকার চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী শিক্ষাক্রম প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে। একই সঙ্গে সকল স্তরে শিক্ষার পরিধি সম্প্রসারণ করা হচ্ছে। তাই বর্ধিত জনসংখ্যার দেশে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজন বিপুল সংখ্যক মেধাবী শিক্ষক। এনটিআরসিএ তিন স্তরে বাছাই প্রক্রিয়া শেষে স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরপেক্ষতা নিশ্চিত করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সুপারিশ করে থাকে।

জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদ, মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, জনাব সিদ্দিক জোবায়ের, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং ড. ফরিদ উদ্দিন আহমদ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি এনটিআরসিএ-কে সর্বদা মূল্যবান পরামর্শ প্রদানের জন্য। এছাড়া, এনটিআরসিএ-এর নির্বাহী বোর্ডের সম্মানিত সদস্যমন্ডলী ও প্রাজ্ঞ শিক্ষাবিদদের সহযোগিতার জন্য তাদের প্রতি রইলো অশেষ কৃতজ্ঞতা।

এ প্রতিষ্ঠানের চেয়ারম্যান জনাব মোহাম্মাদ মফিজুর রহমান মহোদয়ের সার্বিক দিকনির্দেশনায় এবং এনটিআরসিএ-এর বিভিন্ন অনুবিভাগের সহকর্মীদের সহযোগিতায় এ প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ সহজসাধ্য হয়েছে। সর্বোপরি, যারা এ প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের কাজে সরাসরি সম্পৃক্ত ছিলেন তাদের সকলকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ। সেবা প্রত্যাশীদের কাছে সর্বোচ্চ সেবা নিশ্চিতকরণে বার্ষিক প্রতিবেদন ২০২৪ অবদান রাখবে বলে প্রত্যাশা করছি। পরিশেষে, মুদ্রণজনিত ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য সম্মানিত পাঠকবৃন্দের নিকট সবিনয় অনুরোধ করছি।

(এ এম এম রিজওয়ানুল হক)

NON-GOVERNMENT TEACHERS' REGISTRATION & CERTIFICATION AUTHORITY

উপযুক্ত শিক্ষক গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ

NTRCA

স্থাপিত ২০০৫

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

# সূচিপত্র


## ০১. এক নজরে এনটিআরসিএ

এনটিআরসিএ-এর আইনগত ভিত্তি
সূচনা
এনটিআরসিএ-এর অধিক্ষেত্র
এনটিআরসিএ-এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনকারী
কর্মকর্তাবৃন্দের তালিকা ৯-২১
এনটিআরসিএ-এর কার্যাবলি
নির্বাহী বোর্ড
নির্বাহী বোর্ডের সভা
জনবল
অনুবিভাগসমূহ

## ০২. ২০২৪ সালে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি

| | |
|---|---|
| অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ | ২৩ |
| ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রদানের উদ্যোগ | ২৪ |
| অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধন | ২৫ |
| নিবন্ধন পরীক্ষার ধাপসমূহ | ২৬ |
| পরীক্ষা পদ্ধতির স্তরসমূহ | ২৬ |
| নিবন্ধন পরীক্ষার তথ্য | ২৭ |
| নিবন্ধন পরীক্ষার ক্রম বিকাশ | ২৮ |
| প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া | ২৯ |
| লিখিত পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া | ৩০ |
| মৌখিক পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া | ৩১ |
| শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহের ফলাফল (১ম-১৮তম) | ৩২ |
| নিয়োগ সুপারিশ কার্যক্রম<br>পঞ্চম নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিয়োগ সুপারিশ<br>৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য ই-রেজিস্ট্রেশন ও ই-রিকুইজিশন কার্যক্রম<br>আগামী ০৩ (তিন) বছরের (২০২৫, ২০২৬, ২০২৭) বছরভিত্তিক সম্ভাব্য শূন্যপদ | ৩৩ |

| | |
|---|---|
| প্রবেশ পর্যায়ে নিয়োগের জন্য মোট সুপারিশকৃত প্রার্থীর তথ্য | ৩৪ |
| নিয়োগ সুপারিশ প্রক্রিয়ার ধাপসমূহ | ৩৫ |
| প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগ সুপারিশ<br>শূন্যপদের চাহিদা সংগ্রহ | ৩৬ |
| শূন্যপদ পূরণের ধাপসমূহ | ৩৭ |
| সিলেবাস প্রণয়ন ও হালনাগাদকরণ কার্যক্রম | ৩৮ |
| জনবল নিয়োগ সংক্রান্ত | ৩৯ |
| শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান, সংশোধন ও<br>দ্বি-নকল প্রদান এবং প্রত্যয়নপত্র যাচাই | ৩৯-৪০ |
| শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই প্রক্রিয়া আধুনিকীকরণ<br>এনটিআরসিএ-এর সংশ্লিষ্ট মামলার পরিপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | ৪১ |
| বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন<br>২০০৫ (সংশোধন) এর খসড়া প্রণয়ন | ৪২ |
| বার্ষিক প্রতিবেদন-২০২৩ প্রণয়ন ও প্রকাশ<br>কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | ৪২-৪৩ |
| তথ্য অধিকার আইন বাস্তবায়নে গৃহীত কার্যক্রম | ৪৩ |
| সুশাসন নিশ্চিতে গৃহীত পদক্ষেপ<br>কর্মপরিবেশ ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৪৪ |
| এনটিআরসিএ-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত | ৪৫ |
| উদ্ভাবনী উদ্যোগের তথ্য | ৪৬-৪৭ |
| **০৩. এনটিআরসিএ-এর সেবা প্রদান প্রতিশ্রুতি** | ৪৮-৬০ |
| **০৪. বাজেট** | ৬১-৬৩ |
| **০৫. কর্তৃপক্ষের ভবিষ্যত কর্মপরিকল্পনা** | ৬৪ |
| **০৬. উপসংহার** | ৬৫ |

# এক নজরে এনটিআরসিএ

## বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর আইনগত ভিত্তি

- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫।
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫-এর ৩(২) ধারা অনুসারে এনটিআরসিএ একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ।
- বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬।
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯।
- শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্র।
- শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫ জানুয়ারি ২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১৭.১৯.১৯ সংখ্যক পরিপত্র।

## এনটিআরসিএ-এর সূচনা

শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে ২০০৫ সনে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ধারা ৩ এর আলোকে এ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করে। এ প্রতিষ্ঠান বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, সংক্ষেপে এনটিআরসিএ নামে পরিচিত। ইংরেজিতে এ প্রতিষ্ঠানের নাম Non-Government Teachers' Registration & Certification Authority (NTRCA)। এনটিআরসিএ সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রবেশ পর্যায়ে শূন্যপদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে যোগ্য ও মেধাবী প্রার্থীদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান করে এবং কেবলমাত্র নিবন্ধন ও প্রত্যয়ন প্রাপ্তদের মধ্য হতে মেধার ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ প্রদান করে। সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে অনলাইনে প্রার্থীদের আবেদন গ্রহণ করে নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগ সুপারিশের কার্যক্রমটি পরিচালনা করা হয়।

আইন অনুযায়ী এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ। বর্তমানে এ কর্তৃপক্ষের কার্যালয় ঢাকাস্থ রমনা থানার ইস্কাটন গার্ডেন রোডের রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ারের ৪র্থ ও ৬ষ্ঠ তলায় অবস্থিত।

## এনটিআরসিএ-এর অধিক্ষেত্র

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ৯ ধারা অনুসারে-

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক সংযুক্ত উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং সমপর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ভোকেশনাল, টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান ও দাখিল, আলিম, ফাজিল, কামিল ও সংযুক্ত এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ এবং সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত।

# যারা কর্তৃপক্ষের চেয়ারম্যান পদ অলংকৃত করেছেন :


মু. আসাহাবুর রহমান
(অতিরিক্ত সচিব)
২০.০৩.২০০৫-৩১.১২.২০০৫


মোঃ আব্দুল মতিন চৌধুরী
(অতিরিক্ত সচিব)
২৪.০১.২০০৬-১৭.০৩.২০০৭


এ.কে.এম.আবদুল আউয়াল মজুমদার
(অতিরিক্ত সচিব)
২১.০৩.২০০৭-৩০.০৫.২০০৭


কাজী আখতার উদ্দিন আহমেদ
(যুগ্মসচিব)
৩১.০৫.২০০৭-৩১.০৫.২০০৯


ড. কবীর উদ্দীন আহমেদ
(যুগ্মসচিব)
০১.০৬.২০০৯-০৫.০৮.২০১০


মমতাজ আহমেদ, এনডিসি
(যুগ্মসচিব)
০৫.০৮.২০১০-১১.০৭.২০১২


আশীষ কুমার সরকার
(অতিরিক্ত সচিব)
১১.০৭.২০১২-২৬.০৫.২০১৫


এ. এম. এম. আজহার
(অতিরিক্ত সচিব)
২৬.০৫.২০১৫-৩০.০৯.২০১৮


নাসির উদ্দিন আহমেদ
যুগ্মসচিব (ভারপ্রাপ্ত)
০১.১০.২০১৮-০৮.১০.২০১৮


ড. মোঃ মাহামুদ-উল-হক
অতিরিক্ত সচিব (ভারপ্রাপ্ত)
০৯.১০.২০১৮-০২.১১.২০১৮


নাসির উদ্দিন আহমেদ
যুগ্মসচিব (ভারপ্রাপ্ত)
০৩.১১.২০১৮-১৩.১১.২০১৮


এস এম আশফাক হুসেন
(অতিরিক্ত সচিব)
১৪.১১.২০১৮-১৮.০২.২০২০


মুঃ আঃ আউয়াল হাওলাদার
অতিরিক্ত সচিব (ভারপ্রাপ্ত)
১৮.০২.২০২০-২৬.০৭.২০২০


মোঃ আকরাম হোসেন
(অতিরিক্ত সচিব)
২৬.০৭.২০২০-১৭.১২.২০২০


মুঃ আঃ আউয়াল হাওলাদার
অতিরিক্ত সচিব (ভারপ্রাপ্ত)
১৮.১২.২০২০-২৮.১২.২০২০


মোঃ আশরাফ উদ্দিন
(অতিরিক্ত সচিব)
২৯.১২.২০২০-২৪.০৫.২০২১


এ বি এম শওকত ইকবাল শাহীন
যুগ্মসচিব (ভারপ্রাপ্ত)
২৫.০৫.২০২১-৩০.০৫.২০২১


মোঃ এনামুল কাদের খান
(অতিরিক্ত সচিব)
৩১.০৫.২০২১ –২০.১২.২০২৩


এস. এম. মাসুদুর রহমান
যুগ্মসচিব (ভারপ্রাপ্ত)
২১.১২.২০২৩-১৭.০১.২০২৪


মোঃ সাইফুল্লাহিল আজম
(অতিরিক্ত সচিব)
১৮.০১.২০২৪- ০৩.০৯.২০২৪


মোহাম্মাদ মফিজুর রহমান
(অতিরিক্ত সচিব)
১৫.০৯.২০২৪- বর্তমান

# এনটিআরসিএ-এর কার্যাবলি

১. বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ অনুযায়ী এনটিআরসিএ-এর কার্যাবলি :

(ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক চাহিদা নিরূপণ;

(খ) শিক্ষকতা পেশায় নিয়োগ প্রদানের যোগ্যতা নির্ধারণ;

(গ) জাতীয়ভাবে শিক্ষকমান নির্ধারণ, যোগ্যতা নিরূপণ এবং এতদসম্বন্ধীয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নির্বাচনের সুবিধার্থে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান;

(ঙ) শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রয়োজনীয় পরীক্ষা ও দ্বি-নকল প্রত্যয়নপত্র প্রদান, প্রত্যয়নপত্র সংশোধন এবং বিভিন্ন খাতে ফি আদায়;

(চ) শিক্ষকতা পেশার উন্নয়ন এবং গুণগতমান বৃদ্ধির জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(ছ) আন্তর্জাতিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষাগত যোগ্যতার মান যাচাই ও শিক্ষাগত পেশায় অন্তর্ভুক্তি;

(জ) এই আইন বলবৎ হবার পূর্বে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে মান উন্নয়নের ব্যবস্থা নিশ্চিতকরণ;

(ঝ) উপর্যুক্ত কার্যাবলি এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন;

(ঞ) বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন; এবং

(ট) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২. শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের পরিপত্রের মাধ্যমে এনটিআরসিএ-কে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম প্রবেশ পর্যায়ের শূন্যপদে প্রার্থী নির্বাচন করে নিয়োগ সুপারিশ প্রদানের দায়িত্ব প্রদান করা হয়। উক্ত পরিপত্র অনুসারে এনটিআরসিএ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে শূন্যপদের চাহিদা গ্রহণ করে। শূন্যপদের বিপরীতে নিয়োগ সুপারিশ প্রদানের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক নিবন্ধিত প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ এবং সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে প্রার্থীদের পছন্দ এবং মেধারভিত্তিতে প্রার্থী নির্বাচন করে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে গত ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি' বিষয়ে ২০১৫ সালের জারিকৃত পরিপত্র বাতিল করে পুনরায় পরিপত্র জারি করা হয়।

# নির্বাহী বোর্ড

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ধারা ৫ অনুযায়ী কর্তৃপক্ষের পরিচালনা ও প্রশাসন একটি নির্বাহী বোর্ডের উপর ন্যস্ত। উক্ত আইনের ধারা ৬ অনুযায়ী নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে নির্বাহী বোর্ড গঠিত:

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, এনটিআরসিএ (পদাধিকারবলে) | চেয়ারম্যান |
| ২. | সদস্য (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ (পদাধিকারবলে) | সদস্য |
| ৩. | সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ (পদাধিকারবলে) | সদস্য |
| ৪. | সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ (পদাধিকারবলে) | সদস্য |
| ৫. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পদাধিকারবলে) | সদস্য |
| ৬. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পদাধিকারবলে) | সদস্য |
| ৭. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (পদাধিকারবলে) | সদস্য |
| ৮. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (পদাধিকারবলে) | সদস্য |
| ৯. | শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ১০. | অর্থ বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ১১. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের একজন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানের একজন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | সদস্য |

নির্বাহী বোর্ডের ১২ জন সদস্যের মধ্যে ৮ জন সদস্য পদাধিকারবলে এবং ৪ জন সদস্য মনোনীত।

# নির্বাহী বোর্ডের সভা

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ৭ ধারায় নির্বাহী বোর্ডের সভার বিষয়ে নিম্নবর্ণিত বিধান রয়েছে:

এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে নির্বাহী বোর্ড তার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করতে পারবে;

নির্বাহী বোর্ডের সকল সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে:

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে নির্বাহী বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।

চেয়ারম্যান নির্বাহী বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করবেন এবং তার অনুপস্থিতিতে নির্বাহী বোর্ডের কোন সদস্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে সভায় সভাপতিত্ব করবেন।

নির্বাহী বোর্ডের অন্যান্য পাঁচজন সদস্যের উপস্থিতিতে বোর্ডের কোরাম হবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হবে না।

২০২৪ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের নির্বাহী বোর্ডের ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।

# জনবল

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর আওতায় নিয়োগপ্রাপ্ত ৬৫টি পদ এবং প্রেষণে নিয়োগযোগ্য ০৪টি পদসহ (চেয়ারম্যান-০১ জন ও সদস্য-০৩ জন) এনটিআরসিএ তে বর্তমানে ৬৯টি পদ রয়েছে।

প্রশাসন ও অর্থ অনুবিভাগ, শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ এবং পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ শিরোনামে তিনটি অনুবিভাগের মাধ্যমে এনটিআরসিএ-এর যাবতীয় কার্যক্রম সম্পাদিত হয়। প্রতিটি অনুবিভাগ একজন সদস্য, একজন পরিচালক/সচিব, এক বা একাধিক উপপরিচালক এবং একাধিক সহকারী পরিচালকের সমন্বয়ে পরিচালিত হয়। এ প্রতিষ্ঠানটিতে কর্মরত চেয়ারম্যান, সদস্য, সচিব এবং পরিচালকের পদগুলোতে প্রেষণে বিসিএস ক্যাডার সদস্য এবং উপপরিচালক ও সহকারী পরিচালকের অধিকাংশ পদে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তারা দায়িত্ব পালন করে আসছেন। সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা) পদটিতে প্রেষণে অডিট এন্ড অ্যাকাউন্টস বিভাগের একজন কর্মকর্তা কাজ করে থাকেন। ০১ জন সিস্টেম এনালিস্ট এবং ০৪ জন সহকারী পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ এ প্রতিষ্ঠানের স্থায়ী জনবলের অন্তর্ভুক্ত।

স্থায়ী জনবলের নিয়োগ, পদোন্নতি, বদলি, ছুটি, স্থায়ীকরণ, শৃঙ্খলা ও আচরণ, অবসর গ্রহণ, চাকুরি অবসান ও অব্যাহতি ইত্যাদি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ দ্বারা নিয়ন্ত্রিত হয়।

# অনুবিভাগসমূহ

প্রশাসন ও অর্থ

পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান

# প্রশাসন ও অর্থ অনুবিভাগের জনবল

| কর্মরত কর্মকর্তা : | |
|---|---|
| সদস্য | ০১ জন |
| সচিব | ০১ জন |
| সিস্টেম এনালিস্ট | ০১ জন |
| উপপরিচালক | শূন্য (অতিরিক্ত দায়িত্ব) |
| সহকারী পরিচালক | ০৪ জন |
| সহকারী প্রোগ্রামার | ০১ জন |



এরাদুল হক
সদস্য (যুগ্মসচিব)



এ এম এম রিজওয়ানুল হক
সচিব (উপসচিব)



প্রফেসর মোহাম্মদ আবদুর রহিম খোন্দকার
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)



মোঃ মোস্তফা নুরুন্নবি শাকিল
সিস্টেম এনালিস্ট



শারমিন সুলতানা
সহকারী পরিচালক



ফয়জার আহমেদ
সহকারী পরিচালক



লুৎফর রহমান
সহকারী পরিচালক



খন্দকার আজমল হোসেন
সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা)



রফিকুল
সহকারী প্রোগ্রামার

## প্রশাসন ও অর্থ অনুবিভাগের কার্যাবলি :

- প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন;
- কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুল্স, ২০০৮ সহ সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ক্রয় কার্যাবলি সম্পাদন;
- কর্মকর্তা-কর্মচারীদের সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;
- এনটিআরসিএ-এর কর্মকর্তা ও কর্মচারীদের Skill Development-এর লক্ষ্যে প্রশিক্ষণ ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
- নির্বাহী বোর্ড সভা, সমন্বয় সভা ও অন্যান্য সভা সম্পর্কিত দায়িত্ব পালন;
- বিভিন্ন দিবস উদ্‌যাপন;
- কর্তৃপক্ষের আইন ও পরীক্ষা সংক্রান্ত বিধিমালা সংশোধন/পরিবর্তন/সংযোজন এর প্রয়োজন হলে ব্যবস্থা গ্রহণ;
- মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;
- বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;
- আইসিটি সংশ্লিষ্ট যাবতীয় কার্য সম্পাদন;
- সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য দায়িত্ব পালন।

# শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের জনবল

| কর্মরত কর্মকর্তা : | |
|---|---|
| সদস্য | ০১ জন |
| পরিচালক | ০১ জন |
| উপপরিচালক | ০২ জন |
| সহকারী পরিচালক | ০৩ জন |


মোঃ শাহাদাত হোসেন
সদস্য (যুগ্মসচিব)


কাজী কামরুল আহছান
পরিচালক (উপসচিব)


প্রফেসর মোঃ রুহুল কুদ্দুস চৌধুরী
উপপরিচালক


প্রফেসর মোহাম্মদ আবদুর রহিম
খোন্দকার
উপপরিচালক


ফারজানা রসুল
সহকারী পরিচালক


মোঃ মাইনুল ইসলাম
সহকারী পরিচালক


মোঃ মোস্তাক আহমেদ
সহকারী পরিচালক

## শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের কার্যাবলি :

- শিক্ষক নিবন্ধন পরীক্ষার পাঠ্যসূচি (সিলেবাস) প্রণয়ন ও প্রয়োজন অনুযায়ী হালনাগাদকরণ;
- নিবন্ধন পরীক্ষার পর সমন্বিত মেধা তালিকা হালনাগাদকরণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে শূন্যপদের তথ্য সংগ্রহ;
- শূন্যপদের চাহিদাসমূহ সংশ্লিষ্ট অধিদপ্তরের মাধ্যমে যাচাইকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ;
- শূন্যপদের ভিত্তিতে নিয়োগ সুপারিশ প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান এবং নিবন্ধিত প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ;
- সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ের শূন্যপদে মেধা ও পছন্দের ভিত্তিতে প্রার্থী নির্বাচনপূর্বক নিয়োগ সুপারিশ প্রদান;
- নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- প্রত্যয়নপত্র প্রদানের ক্ষেত্রে আইনগত/বিধিগত জটিলতা দেখা দিলে সে বিষয়ে মতামত প্রদান;
- সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য দায়িত্ব পালন।

# পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের জনবল

কর্মরত কর্মকর্তা :

| | |
|---|---|
| সদস্য | ০১ জন |
| পরিচালক | শূন্য (অতিরিক্ত দায়িত্ব) |
| উপপরিচালক | ০১ জন |
| সহকারী পরিচালক | ০৩ জন |


মুহম্মদ নূরে আলম সিদ্দিকী
সদস্য (যুগ্মসচিব)


কাজী কামরুল আহছান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


প্রফেসর দীনা পারভীন
উপপরিচালক


ফিরোজ আহমেদ
সহকারী পরিচালক


ড. এস এম আতিয়ার রহমান
সহকারী পরিচালক


মোঃ সাইফুল ইসলাম
সহকারী পরিচালক

## পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের কার্যাবলি :

- বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ, অনলাইনে আবেদন গ্রহণ এবং কর্মপরিকল্পনা অনুযায়ী পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;
- পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নে Question Setter, Moderator নিয়োগ এবং বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) হতে প্রশ্নপত্র মুদ্রণের ব্যবস্থাকরণ;
- ট্রাংক বিবরণী অনুযায়ী প্রশ্নপত্র ভেন্যুওয়ারি ট্রাংকজাতকরণ এবং পরীক্ষা কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- পরীক্ষার কাজে প্রয়োজনীয় সকল প্রকার সামগ্রী (ফরম, উত্তরপত্র, কাগজপত্র, মনিহারী দ্রব্য ইত্যাদি) চাহিদা যথাসময়ে প্রশাসন শাখাকে অবহিতকরণ;
- উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কাজ সম্পাদন;
- প্রত্যয়নপত্র মুদ্রণের ব্যবস্থা গ্রহণ;
- প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ;
- সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা;
- কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য দায়িত্ব পালন।

# ২০২৪
# সালে সম্পাদিত
# গুরুত্বপূর্ণ কার্যাবলি

# ২১ অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা -২০২৩ (প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক) গ্রহণ

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ অনুসারে এনটিআরসিএ শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে থাকে। এনটিআরসিএ ২০০৫ সাল থেকে অদ্যাবধি ১ম থেকে ১৭তম শিরোনামে ১৭টি ও একটি বিশেষসহ মোট ১৮টি শিক্ষক নিবন্ধন পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করেছে। অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি পরীক্ষা গত ১৫ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিত হয়। প্রিলিমিনারি পরীক্ষায় স্কুল-২, স্কুল ও কলেজ পর্যায়ে মোট ১৮ লক্ষ ৬৫ হাজার ৭১৯ জন প্রার্থী আবেদন করেন এবং ১৩ লক্ষ ৪০ হাজার ৮৩৩ জন পরীক্ষার্থী প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণ করেন। গত ১৫ মে ২০২৪ তারিখে প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। উক্ত ফলাফলে উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা স্কুল-২ পর্যায়ে ২৯ হাজার ৫১৬ জন, স্কুল পর্যায়ে ২ লক্ষ ২১ হাজার ৬৫২ জন এবং কলেজ পর্যয়ে ২ লক্ষ ২৮ হাজার ৮১৩ জনসহ সর্বমোট ৪ লক্ষ ৭৯ হাজার ৯৮১ জন। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে সার্বিক পাসের হার ৩৫.৮০%। গত ১২ জুলাই ২০২৪ তারিখে প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ স্কুল-২ (মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট, উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট এবং কারিগরি ডিপ্লোমা ইনস্টিটিউট, সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসা ও স্কুল (নিম্নমাধমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/ দাখিল ও তদুর্ধ্ব পর্যায়ের মাদ্রাসা) পর্যায়ের ঐচ্ছিক বিষয়ের লিখিত পরীক্ষা এবং গত ১৩ জুলাই ২০২৪ তারিখে কলেজ পর্যায়ে ঐচ্ছিক বিষয়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ সর্বমোট ৩ লক্ষ ৪৮ হাজার ৬৮০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। গত ১৪ অক্টোবর ২০২৪ তারিখে লিক্ষিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। উক্ত ফলাফলে স্কুল-২ পর্যায়ে ৫ হাজার ৩২৩ জন, স্কুল ও সমপর্যায়ের ৫৫ হাজার ৮৯০ জন এবং কলেজ ও সমপর্যায়ের ২২ হাজার ৬৫২ জনসহ সর্বমোট ৮৩ হাজার ৮৬৫ জন পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা-২০০৬ (সংশোধিত) এর-৮ (১) (গ) বিধি অনুযায়ী ২৭ অক্টোবর ২০২৪ তারিখ থেকে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। এনটিআরসিএ কার্যালয়ে প্রতিদিন ১০ টি বোর্ডের মাধ্যমে ৬০০ পরীক্ষার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

# ২.২ ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রদানের উদ্যোগ

শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদেরকে চেয়ারম্যান, এনটিআরসিএ এবং সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়। স্বাক্ষরিত প্রত্যয়নপত্র বিতরণের উদ্দেশ্যে প্রার্থীর স্থায়ী ঠিকানা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়। উত্তীর্ণ প্রার্থীগণ সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করে জেলা শিক্ষা অফিস হতে প্রত্যয়নপত্র উত্তোলন করতে পারেন। প্রার্থী কর্তৃক শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংগ্রহের সার্বিক কার্যক্রমটি সময় সাপেক্ষ ও ব্যয়বহুল। এতে সেবা প্রত্যাশীদের হয়রানি ছাড়াও এনটিআরসিএ এবং সেবা প্রত্যাশী উভয়েরই সময়, শ্রম ও অর্থের অপচয় ঘটে। সেবা প্রত্যাশীদের দ্রুততম সময়ে সেবা প্রদানের উদ্দেশ্যে শিক্ষক নিবদ্ধন প্রত্যয়নপত্র প্রদানের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেবা প্রত্যাশীগণ দেশের যে কোনো প্রান্ত হতে তার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ই-প্রত্যয়নপত্র মুদ্রণ করে নিতে পারবেন।

# ২.৩ অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র সংশোধন

"বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬" এর বিধি ১০ মোতাবেক গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৪ অনুযায়ী প্রত্যয়নপত্র/শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়। ২০১২ সালে সংশোধিত বিধি ১০ মোতাবেক চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৪ অনুযায়ী শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীর নিবন্ধন প্রত্যয়নপত্রে আবশ্যিক (Compulsory) ও ঐচ্ছিক (Optional) বিষয়ে প্রাপ্ত নম্বর এবং প্রত্যয়নপত্রের মেয়াদ উল্লেখ ছিল। পরবর্তীতে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্তির পরিপ্রেক্ষিতে সর্বশেষ নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীর নিবন্ধন প্রত্যয়নপত্রে ঐচ্ছিক (Optional) বিষয় ও মৌখিক (Viva-Voce) পরীক্ষায় প্রাপ্ত নম্বর উল্লেখ করা হয়েছে। ইতোপূর্বে প্রদত্ত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রসমূহ পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে পাঁচ বৎসর পর্যন্ত কার্যকর থাকত। শিক্ষা মন্ত্রণালয়ের ২০ মে ২০১৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১১.০০২.১০-৫১৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বিধিমালা পুনরায় সংশোধন করে প্রত্যয়নপত্রের মেয়াদের বিষয়টি তুলে দেয়া হয়। ২১ অক্টোবর ২০১৫ তারিখের এস.আর.ও. নং-৩০৯/আইন/২০১৫ মারফত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রসমূহের মেয়াদ ০৩ (তিন) বছর করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৩২৪/২০১৭ সহ ১৬৬টি মামলার ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখের রায়ে এনটিআরসিএ কর্তৃক ইস্যুকৃত সকল শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের মেয়াদ আজীবন করার নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের রিভিউ পিটিশন নং ১৯৫/২০২০ এর রায়ে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের মেয়াদ ০৩ (তিন) বছর বহাল রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিতাবস্থায়, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্রে শুধুমাত্র ঐচ্ছিক (Optional) বিষয়ে প্রাপ্ত নম্বর ও প্রত্যয়নপত্রের মেয়াদ ফলাফল প্রকাশের তারিখ হতে ০৩ (তিন) বছর উল্লেখ করা হবে।

| নিবন্ধন পরীক্ষার ধাপসমূহ | |
| --- | --- |
| প্রিলিমিনারি পরীক্ষা | Optical Mark Readable Litho Code যুক্ত OMR ফরমে ১০০ নম্বরের MCQ type পরীক্ষা গ্রহণ করা হয় এবং উত্তরপত্রসমূহ OMR মেশিনে স্ক্যানিং করে মূল্যায়ন করা হয়। |
| লিখিত পরীক্ষা | প্রার্থীদের আবেদনকৃত পদ সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। উত্তরপত্রসমূহ স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অভিজ্ঞ শিক্ষকগণ দ্বারা মূল্যায়ন করা হয়। |
| মৌখিক পরীক্ষা | ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে মেধাভিত্তিক চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়। |

| পরীক্ষা পদ্ধতির বিভিন্ন স্তরসমূহ | |
| --- | --- |
| পরীক্ষার পদ্ধতি ৩ (তিন) স্তর | ১ম স্তরে- MCQ পরীক্ষা গ্রহণ করা হয়;<br>২য় স্তরে- MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশ্লিষ্ট ঐচ্ছিক বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়; এবং<br>৩য় স্তরে- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। |
| পরীক্ষার বিষয় | আবশ্যিক বিষয় MCQ (বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২৫ ও সাধারণ জ্ঞান-২৫) এবং সংশ্লিষ্ট ঐচ্ছিক বিষয়ের উপর লিখিত পরীক্ষা। |
| প্রশ্নের মাধ্যম | বাংলা |
| পূর্ণমান | আবশ্যিক বিষয়ে MCQ (বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২৫ ও সাধারণ জ্ঞান-২৫) পরীক্ষায় মোট ১০০ নম্বর, ঐচ্ছিক বিষয়ের লিখিত পরীক্ষায় ১০০ নম্বর এবং মৌখিক পরীক্ষায় ২০ নম্বর। |
| মৌখিক পরীক্ষা বোর্ডের গঠন | প্রতিটি বোর্ডে ১ জন সভাপতি, ১ জন বিষয় বিশেষজ্ঞ এবং ১ জন বিভাগীয় বিশেষজ্ঞ। |

# নিবন্ধন পরীক্ষার তথ্য

- প্রিলিমিনারি পরীক্ষা ১০০ নম্বর (বাংলা, ইংরেজি, সাধারণ গণিত ও সাধারণ জ্ঞান)।
- লিখিত পরীক্ষা (ঐচ্ছিক বিষয়)-১০০ নম্বর (জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রতি পদের বিপরীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা গ্রহণ)।
- প্রিলিমিনারি পরীক্ষায় পাশের নম্বর ন্যূনতম শতকরা ৪০ (চল্লিশ)।
- লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিষয়-ভিত্তিক মেধাক্রম অনুসারে ফলাফলের তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হয়।
- কোন প্রার্থী লিখিত এবং মৌখিক-উভয় ক্ষেত্রে পৃথকভাবে অন্যূন শতকরা ৪০ (চল্লিশ) নম্বর না পেলে তিনি কোন মেধা তালিকায় অন্তর্ভুক্তির জন্য যোগ্য হবেন না।
- দেশের ২৪টি জেলায় প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়।
- ৮টি বিভাগীয় শহরে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়।
- এনটিআরসিএ কার্যালয়ে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।
- জেলা পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক পরীক্ষা কমিটির সভাপতি, জেলা শিক্ষা অফিসার সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।
- ২০০৫ সাল থেকে এ পর্যন্ত ১ম থেকে ১৭শ' শিরোনামে ১৭টি ও একটি বিশেষসহ মোট ১৮টি নিবন্ধন পরীক্ষা সম্পন্ন হয়েছে।
- এ পর্যন্ত বিভিন্ন পদে মোট ৬,৭৬,৬৬২ জন প্রার্থীকে নিবন্ধন ও প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে।
- উত্তীর্ণ প্রার্থীদের কিউআর কোড সম্বলিত প্রত্যয়নপত্র প্রদান করা হয় ।
- নিবন্ধন প্রত্যয়নপত্রের মেয়াদ: ফলাফল প্রকাশের তারিখ হতে ০৩ (তিন) বছর।
- সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী বর্তমানে প্রবেশ পর্যায়ে শিক্ষক পদে নিয়োগ সুপারিশের জন্য বয়সসীমা ২১ (একুশ) বছর হতে ৩৫ (পঁয়ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

# নিবন্ধন পরীক্ষার ক্রমবিকাশ

- ১ম পরীক্ষা-২০০৫ থেকে ৫ম পরীক্ষা-২০০৯ পর্যন্ত ১০০ নম্বরের আবশ্যিক বিষয়ে ৩ ঘণ্টার লিখিত পরীক্ষা ও ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে ৩ ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠান।
- ৬ষ্ঠ পরীক্ষা-২০১০ থেকে একাদশ পরীক্ষা-২০১৪ পর্যন্ত আবশ্যিক বিষয়ে MCQ চালু এবং আবশ্যিক বিষয়ে ১ঘণ্টা ও ঐচ্ছিক বিষয়ে ৩ ঘণ্টাসহ মোট ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা।
- দ্বাদশ পরীক্ষা-২০১৫ এ প্রথম ধাপে প্রিলিমিনারি পরীক্ষা এবং প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণদের ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং চূড়ান্ত ফলাফল প্রকাশ।
- ত্রয়োদশ পরীক্ষা-২০১৬ থেকে উপর্যুক্ত দুই ধাপের সাথে ২০ নম্বরের মৌখিক পরীক্ষা সংযুক্ত করা হয়েছে।

# প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া

- বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি জাতীয় বাংলা ও ইংরেজি দৈনিক পত্রিকা এবং এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশ।
- প্রার্থীগণ কর্তৃক অনলাইনে আবেদন প্রেরণ ও নির্ধারিত পরীক্ষার ফি প্রদান।
- প্রার্থীর সংখ্যা ও চাহিদা অনুযায়ী নির্দিষ্ট ২৪টি জেলার কেন্দ্র ও ভেন্যু নির্ধারণ।
- প্রিলিমিনারি পরীক্ষার প্রবেশ পত্র upload করা এবং প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিতকরণ।
- ভেন্যুওয়ারি প্রশ্নপত্র ট্রাংকজাতকরণ এবং উত্তরপত্র ও অন্যান্য মালামাল বস্তাজাতকরণ।
- পরীক্ষা কেন্দ্রে উত্তরপত্র (OMR), প্রশ্নপত্র ও পরীক্ষা পরিচালনা বাবদ সংশ্লিষ্ট জেলা প্রশাসক, কেন্দ্র সচিব ও ভেন্যু প্রধান বরাবর অর্থ প্রেরণ।
- দেশের ২৪টি জেলা সদরে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠান।
- কেন্দ্র থেকে প্রেরিত প্রিলিমিনারি পরীক্ষার OMR উত্তরপত্র গ্রহণ।
- Scanning মেশিনে OMR উত্তরপত্র স্ক্যান করে ফলাফল প্রস্তুত পূর্বক ঘোষণা ও প্রচার এবং উত্তীর্ণ প্রার্থীদের SMS এর মাধ্যমে ফলাফল অবহিতকরণ।

# লিখিত পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া

প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা অনুযায়ী দেশের ০৮টি বিভাগীয় জেলা সদরে লিখিত পরীক্ষার ভেন্যু নির্ধারণ।

লিখিত পরীক্ষার প্রবেশপত্র upload করা ও প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিতকরণ।

ভেন্যুওয়ারি প্রশ্নপত্র ট্রাংকজাতকরণ এবং উত্তরপত্র ও অন্যান্য মালামাল বস্তাজাতকরণ।

লিখিত পরীক্ষার কেন্দ্রে উত্তরপত্র (খাতা), প্রশ্নপত্র ও পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহ বাবদ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট ভেন্যু প্রধান বরাবর অর্থ প্রেরণ।

৮টি বিভাগীয় জেলা সদরে বিভিন্ন পদ সংশ্লিষ্ট বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠান।

লিখিত পরীক্ষা শেষে কেন্দ্র হতে প্রেরিত OMR ও উত্তরপত্র গ্রহণ।

উত্তরপত্র মূল্যায়নের জন্য পরীক্ষক ও প্রধান পরীক্ষকদের নিকট প্রেরণ।

প্রধান পরীক্ষকগণের নিকট হতে লিখিত পরীক্ষার OMR ও উত্তরপত্র গ্রহণ।

লিখিত পরীক্ষার OMR Scanning পূর্বক ফলাফল প্রস্তুতকরণ।

লিখিত পরীক্ষার ফলাফল ঘোষণা ও প্রচার করা এবং উত্তীর্ণ প্রার্থীদেরকে SMS এর মাধ্যমে অবহিতকরণ।

# মৌখিক পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া

- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ওয়েবসাইটে upload করা এবং মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান SMS এর মাধ্যমে প্রার্থীদেরকে অবহিতকরণ।
- এনটিআরসিএ-এর কার্যালয়ে মৌখিক পরীক্ষা গ্রহণ।
- ২০ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে চূড়ান্ত ফলাফল প্রস্তুত, প্রকাশ ও প্রচার এবং SMS এর মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদেরকে অবহিতকরণ।
- সমন্বিত মেধাতালিকা হালনাগাদকরণ।
- উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র তৈরি করা, বিতরণের উদ্দেশ্যে প্রার্থীর নিজ জেলার জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ।

# শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহের ফলাফল (১ম - ১৮ তম)

| পরীক্ষা | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | কেন্দ্র সংখ্যা | বিষয় | মোট আবেদনকারী | মোট অংশগ্রহণকারী | অংশগ্রহণের হার | উত্তীর্ণ | উত্তীর্ণের হার | সনদ বিতরণ কার্যালয় | ফলাফল প্রকাশের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম পরীক্ষা নভেম্বর, ২০০৫ | ২১/০৯/২০০৫ | ৬ | ২৩ | ৭৬১৮৫ | ৫৯০০০ | ৭৭.৪৪% | ৩৩৭৮৮ | ৫৭.২৭% | শিক্ষা বোর্ডের মাধ্যমে | ২৬/০১/২০০৬ |
| ২য় পরীক্ষা সেপ্টেম্বর, ২০০৬ | ১০/০৭/২০০৬ | ৬ | ১১২ | ১৩১৭৫৯ | ৯৯৮০৭ | ৭৫.৭৫% | ২২৩৮১ | ২২.৪২% | এনটিআরসি এ কার্যালয়, ঢাকা | ১৪/১২/২০০৬ |
| ৩য় পরীক্ষা সেপ্টেম্বর, ২০০৭ | ১৯/০৭/২০০৭ | ২৪ | ১১৯ | ১১৩৯৭৫ | ৮৩৮৯৯ | ৭৩.৬১% | ১৬০২০ | ১৯.০৯% | জেলা শিক্ষা অফিস | ২৬/১২/২০০৭ |
| ৪র্থ পরীক্ষা ডিসেম্বর, ২০০৮ | ১২/০৮/২০০৮ | ২০ | ৭৮ | ১২৭০৭৪ | ৯৬০২৭ | ৭৫.৫৭% | ৩১০৯৩ | ৩২.৩৮ % | জেলা শিক্ষা অফিস | ২৪/০২/২০০৯ |
| ৫ম পরীক্ষা ডিসেম্বর, ২০০৯ | ১২/০৮/২০০৯ | ২০ | ৭১ | ১৪১০৮২ | ১০২৩৪৮ | ৭২.৫৫% | ৩৯২২৫ | ৩৮.৩৩ % | জেলা শিক্ষা অফিস | ১৮/০২/২০১০ |
| ৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০ | ০৯/০৯/২০১০ | ২০ | ৭৮ | ২৮৩৩১৪ | ২২০৫১৭ | ৭৭.৮৩% | ৪২৬৪১ | ১৯.৩৪% | জেলা শিক্ষা অফিস | ০২/০৩/২০১১ |
| বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০ | ১১/০৫/২০১০ | ৭ | ৪ | ৭৭৬৪ | ৬৯৩৬ | ৮৯.৩৪% | ১৩৯৫ | ২০.১১% | এনটিআরসি এ কার্যালয়, ঢাকা | ১২/০৮/২০১০ |
| ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১১ | ১৪/০৭/২০১১ | ২০ | ৮০ | ৩২১৩০১ | ২৫৯১১৪ | ৮০.৬৫% | ৫৭২০৩ | ২২.০৮% | জেলা শিক্ষা অফিস | ০৪/০৩/২০১২ |
| ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১২ | ২৩/০৪/২০১২ | ২০ | ৮০ | ৩১৩১৪৫ | ২৪৮০০১ | ৭৯.২০% | ৫৬০৪৬ | ২২.৬০% | জেলা শিক্ষা অফিস | ২৬/১১/২০১২ |
| ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৩ | ০৩/০৪/২০১৩ | ২০ | ৮০ | ৩১৪৮৮৭ | ২৪২৪৫১ | ৭৭.০০% | ৭৫৮৯৮ | ৩১.৩০% | জেলা শিক্ষা অফিস | ২০/১১/২০১৩ |
| ১০ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪ | ১১/০২/২০১৪ | ২০ | ৮০ | ৪৪১৯৭৯ | ৩৫৬৯৬২ | ৮০.৭৬% | ১১৩২৯৭ | ৩১.৭৪% | জেলা শিক্ষা অফিস | ২১/০৮/২০১৪ |
| ১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪ | ২৬/০৮/২০১৪ | ২০ | ৮২ | ৪৪১০৭৭ | ৩৫৭৪৭২ | ৮১.০৫% | ৫১৪০৫ | ১৪.৩৮% | জেলা শিক্ষা অফিস | ০৯/০৩/২০১৫ |
| ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা,২০১৫ (প্রিলিমিনারি) | ১৬/০৪/২০১৫ | ২০ | ৪ | ৫৩২৫২২ | ৪৮০৬৭০ | ৯০.২৬% | ৭৫৯৮৯ | ১৫.৮১% | প্রযোজ্য নয় | ০৯/১১/২০১৫ |
| ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৫ (লিখিত) | | ৭ | ৮২ | ৬৯৪৮৫ | ৬০৮২৯ | ৮৭.৫৪% | ৪৭০৩৯ | ৭৭.৩৩% | জেলা শিক্ষা অফিস | |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (প্রিলিমিনারি) | ২৪/০২/২০১৬ | ২০ | ৪ | ৬০২০৩৩ | ৫২৭৭৫৭ | ৮৭.৬৬% | ১৪৭২৬২ | ২৭.৯০% | প্রযোজ্য নয় | ০৮/০৬/২০১৭ |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (লিখিত) | | ৮ | ৭৭ | ১৪৭২৬২ | ১২৭৬৬৪ | ৮৬.৬% | ১৮৯৭৩ | ১৪.৮৬% | প্রযোজ্য নয় | |
| ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ (মৌখিক) | | - | ৭৭ | ১৮৯৭৩ | ১৮০০৯ | ৯৪.৯২% | ১৭২৫৪ | ৯৫.৮১% | জেলা শিক্ষা অফিস | |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (প্রিলিমিনারি) | ৩০/০৫/২০১৭ | ২০ | ৪ | ৯২৩৫৫৪ | ৮০৬৬৫০ | ৮৭.৩৪% | ২০৯৮৭৫ | ২৬.০২% | প্রযোজ্য নয় | ২৭/১১/২০১৮ |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (লিখিত) | | ৮ | ৮১ | ২০৯৮৭৫ | ১৬৬৩২১ | ৭৯.২৫% | ১৯৮৬৩ | ১১.৯৪% | প্রযোজ্য নয় | |
| ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৭ (মৌখিক) | | - | ৮১ | ১৯৮৬৩ | ১৮৭০৯ | ৯৪.১৯% | ১৮৩১২ | ৯৭.৮৮% | জেলা শিক্ষা অফিস | |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ প্রিলিমিনারি) | ২৮/১১/২০১৮ | ২০ | ৪ | ৮৭৬০৩৩ | ৭৪০৪১৬ | ৮৪.৫২% | ১৫২০০০ | ২০.৫৩% | প্রযোজ্য নয় | ১৫/০১/২০২০ |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ (লিখিত) | | ৮ | ৮২ | ১৫২০০০ | ১২১৬৬০ | ৮০.০৪% | ১৩৩৪৫ | ১০.৯৭% | প্রযোজ্য নয় | |
| ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ (মৌখিক) | | - | ৮২ | ১৩৩৪৫ | ১২৯০১ | ৯৬.৬৭% | ১১১৩০ | ৮৬.২৭% | জেলা শিক্ষা অফিস | |
| ১৬তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ (প্রিলিমিনারি) | ২৩/০৫/২০১৯ | ২৪ | ৪ | ১১৭৬১৯৬ | ৯৫৯৭২৭ | ৮১.৬০% | ২২৮৭০০ | ২৩.৮৩ % | প্রযোজ্য নয় | ১৭/১০/২০২১ |
| ১৬তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ (লিখিত) | | ৮ | ১০৩ | ২২৮৭০০ | ১৫৪৬৬৫ | ৬৭.৬% | ২২৩৯৮ | ১৪.৪৮% | প্রযোজ্য নয় | |
| ১৬তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৯ (মৌখিক) | | - | ১০৩ | ২২৩৯৮ | ২০১৩১ | ৮৯.৮৮% | ১৮৫৫০ | ৯২.১৫% | জেলা শিক্ষা অফিস | |
| ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ (প্রিলিমিনারি) | ২৩-০১-২০২০ এবং ০২-০৩-২০২২ (সম্পূরক) | ২৪ | ৪ | ১১৯৩৯৭৮ | ৬০৮৪৯২ | ৫০.৯৬% | ১৫১৪৩৬ | ২৪.৮৯% | প্রযোজ্য নয় | ২২/০২/২০২৩ এবং ২৮/১২/২০২৩ |
| ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ (লিখিত) | | ৮ | ১০৪ | ১৫১৪৩৬ | ১০৪৮২৫ | ৬৯.২২% | ২৬২৪২ | ২৫.০৩% | প্রযোজ্য নয় | |
| ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ (মৌখিক) | | - | ১০৪ | ২৬২৪২ | ২৫২৪০ | ৯৬.১৮% | ২৩৯৮৫ | ৯৫.০৩% | জেলা শিক্ষা অফিস | |
| ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ (প্রিলিমিনারি) | ০২/১১/২৩ | ২৪ | ৪ | ১৮৬৫৭১৯ | ১৩৪০৮৩৩ | ৭১.৮৭% | ৪,৭৯,৯৮১ | ৩৫.৮০% | প্রযোজ্য নয় | চলমান |
| ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ (লিখিত) | | ৮ | ১০৪ | ৪৭৯৯৮১ | ৩৪৮৬৮০ | ৭২.৬৪% | ৮৩,৮৬৫ | ২৪.০৫% | প্রযোজ্য নয় | |

* ১ম  হতে  ১৭তম পরীক্ষায় মোট উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা = ৬, ৭৬,৬৬২ জন
* ১ম  হতে  ১৭তম পরীক্ষায় মোট আবেদনকারীর সংখ্যা = ৯৮, ৮৩,৫৭৭ জন

## ২.৪ নিয়োগ সুপরিশ কার্যক্রমঃ

এনটিআরসিএ-এর সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগ প্রদান করে। ২০১৬ সাল হতে ৫ম নিয়োগ বিজ্ঞপ্তি পর্যন্ত ১,৪০,২০৮ (এক লক্ষ চল্লিশ হাজার দুইশত আট) জন প্রার্থীকে এনটিআরসিএ কর্তৃক নিয়োগ সুপারিশ প্রদান করা হয়েছে।

## ২.৫ পঞ্চম নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিয়োগ সুপারিশ :

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) প্রথম প্রবেশ পর্যায়ে এমপিওভূক্ত শূন্যপদ পূরণের লক্ষ্যে গত ৩১ মার্চ ২০২৪ তারিখে ৫ম নিয়োগ বিজ্ঞপ্তি ২০২৪ প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তিতে স্কুল ও কলেজ পর্যায়ে এমপিওভূক্ত ৪৩,২৮৬ টি শূন্যপদ এবং মাদ্রাসা, ব্যবসায় ব্যবস্থাপনা ও কারিগরি প্রতিষ্ঠানে এমপিওভূক্ত ৫৩,৪৫০ টি শূন্যপদে নিবন্ধনধারী প্রার্থীদের নিকট হতে আবেদন চাওয়া হয়। আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে তাদের পছন্দক্রম ও মেধার ভিত্তিতে ২২,১০৩ জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। নিয়োগ সুপারিশের বিষয়টি সংশ্লিষ্ট সুপারিশপ্রাপ্ত প্রার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস যোগে অবহিত করা হয়েছে।

## ২.৬ ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য ই-রেজিষ্ট্রেশন ও ই-রিকুইজিশন কার্যক্রম :

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শিক্ষকদের শূন্যপদ সংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের উদ্দেশ্যে প্রথমত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শূন্যপদ সংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের উদ্দেশ্যে এনটিআরসিএ কর্তৃক ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম গত ২২ সেপ্টেম্বর ২০২৪ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে এনটিআরসিএ কর্তৃক আগামী ০৩ (তিন) বছরের (২০২৫, ২০২৬ ও ২০২৭) বছরভিত্তিক সম্ভাব্য শূন্যপদের তথ্য সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করা হয়। সে লক্ষ্যে অধিক সংখ্যক প্রতিষ্ঠানকে ই-রেজিষ্ট্রেশনের আওতায় আনার সুবিধার্থে ই-রেজিষ্ট্রেশনের সময়সীমা কয়েক ধাপে বৃদ্ধি করে ২৭ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে ই-রেজিষ্ট্রেশন (e-Registration) ও অনলাইনে চাহিদা (e-Requisition) সংগ্রহের সময়সীমা কয়েক ধাপে বৃদ্ধি করে ২২ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

## ২.৭ আগামী ০৩ (তিন) বছরের (২০২৫, ২০২৬, ২০২৭) বছরভিত্তিক সম্ভাব্য শূন্যপদ :

এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) প্রবেশ পর্যায়ের (Entry Level) শূন্যপদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে MPO-ভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা (e-Requisition) সংগ্রহের সুবিধার্থে ৬ষ্ঠ ই-রিকুজিশনের সঙ্গে আগামী ৩ (তিন) বছরের (৩১ ডিসেম্বর ২০২৫, ৩১ ডিসেম্বর ২০২৬ ও ৩১ ডিসেম্বর ২০২৭-তারিখ পর্যন্ত) বছরভিত্তিক সম্ভাব্য শূন্যপদের তথ্য সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে। শূন্য পদের তথ্য সংগ্রহের কার্যক্রম ২২ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

## প্রবেশ পর্যায়ে নিয়োগের জন্য সর্বমোট সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা

| নিয়োগ বিজ্ঞপ্তি | সন | সুপারিশের সংখ্যা |
|---|---|---|
| ১ম নিয়োগ বিজ্ঞপ্তি | ২০১৬ | ১৮,৪০১ জন |
| ২য় নিয়োগ বিজ্ঞপ্তি | ২০১৯ | ৩১,৬৬৫ জন |
| ৩য় নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২২ | ৩৪,২০৩ জন |
| ৩য় নিয়োগ বিজ্ঞপ্তি (২য় ধাপ) | ২০২২ | ৯২৪ জন |
| বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২২ | ৩,৮৪৪ জন |
| ৪র্থ নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২৩ | ২৭,৮৪৬ জন |
| বিশেষ (সেসিপ) নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২০ | ৬৭৬ জন |
| বিশেষ (সেসিপ) নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২২ | ৪৭৪ জন |
| বিশেষ (সেসিপ) নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২৩ | ৭২ জন |
| ৫ম নিয়োগ বিজ্ঞপ্তি | ২০২৪ | ২২,১০৩ জন |
| মোট সুপারিশ | | ১,৪০,২০৮ জন |

## নিয়োগ সুপারিশ প্রক্রিয়ার ধাপসমূহ

- বাংলাদেশের সকল বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে এনটিআরসিএ-এর আওতায় অনলাইনে ই-নিবন্ধন (ই-রেজিস্ট্রেশন), শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে আইডি ও পাসওয়ার্ড প্রদান।
- এনটিআরসিএ-এর নিবন্ধিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে অনলাইনে শূন্যপদের চাহিদা (ই-রিকুইজিশন) গ্রহণ।
- প্রতিষ্ঠান প্রধানগণের নিকট থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিষয়ভিত্তিক শূন্যপদের অনলাইন ই-রিকুইজিশন প্রাপ্তির পর প্রতিষ্ঠানভিত্তিক শূন্যপদের তালিকা এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশ।
- শূন্যপদের ভিত্তিতে অনলাইনে নিয়োগ প্রত্যাশী নিবন্ধিত প্রার্থীদের নিকট থেকে আবেদন গ্রহণের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ।
- নিবন্ধিত প্রার্থীদের নিকট থেকে অনলাইনে ই-এ্যাপ্লিকেশন গ্রহণ, প্রার্থীদেরকে আইডি ও পাসওয়ার্ড প্রদান।
- প্রাপ্ত শূন্যপদের বিপরীতে অনলাইনে গৃহীত ই-এ্যাপ্লিকেশনসমূহ টেলিটকের সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে মেধা ও চয়েসের ভিত্তিতে প্রসেস করে প্রার্থী নির্বাচন।
- নির্বাচিত প্রার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে এসএমএস প্রেরণের মাধ্যমে ফলাফল অবহিতকরণ।
- নির্বাচিত প্রার্থীগণের জীবন বৃত্তান্ত যাচাই এর জন্য পুলিশ ভেরিফিকেশনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনা অনুযায়ী ভি-আর ফরম সংগ্রহ।
- পুলিশ ভেরিফিকেশনের জন্য সংগৃহীত ভি-আর ফরম শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ।
- পুলিশ ভেরিফিকেশনের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ সুপারিশ প্রদান।
- নিয়োগ সুপারিশের বিষয়টি সংশ্লিষ্ট প্রার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ।
- নিয়োগ সুপারিশপত্র এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোডকরণ।
- প্রার্থী এবং প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক তাদের আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোডকরণ।
- প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রার্থীদের যোগদান সংক্রান্ত তথ্যাদি অনলাইনে এনটিআরসিএ-কে অবহিতকরণ।
- এনটিআরসিএ-এর নিয়োগ সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রার্থীর যোগদান।

# প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগ সুপারিশ

- এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন (ই-রেজিস্ট্রেশন)
- অনলাইনে শূন্য পদের তালিকা সংগ্রহ (ই-রিকুইজিশন)
- অনলাইনে প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ (ই-এপ্লিকেশন)
- টেলিটকের সফটওয়্যারের মাধ্যমে প্রার্থীর পছন্দ ও মেধাক্রমের ভিত্তিতে ফলাফল প্রক্রিয়াকরণ
- নিয়োগ সুপারিশকরণ এবং প্রার্থী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিতকরণ

# শূন্যপদের চাহিদা সংগ্রহ

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান** — ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির অনুমোদনক্রমে

**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার** — সব শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা একীভূত করে উপজেলাভিত্তিক চাহিদা প্রস্তুতকরণ

**জেলা শিক্ষা অফিসার** — জেলার একটি সংকলিত/সমন্বিত চাহিদাপত্র তৈরি

**এনটিআরসিএ**

# শূন্যপদ পূরণের ধাপসমূহ

- এনটিআরসিএ কর্তৃক ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ
- নিবন্ধিত প্রার্থী কর্তৃক অনলাইনে আবেদন ও নির্ধারিত ফি প্রদান

- প্রার্থীর পছন্দ ও মেধাক্রম অনুসারে প্রতি শূন্যপদের বিপরীতে ০১ জন করে যোগ্য প্রার্থী নির্বাচন
- প্রার্থী ও প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ

- পুলিশ ভেরিফিকেশন
- নিয়োগ সুপারিশ প্রদান
- ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি কর্তৃক সুপারিশপ্রাপ্ত প্রার্থীর অনুকূলের ০১ (এক) মাসের মধ্যে নিয়োগপত্র জারি

## ২.৮ সিলেবাস প্রণয়ন ও হালনাগাদকরণ কার্যক্রম:

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক শিক্ষক নিবন্ধন পরীক্ষার স্কুল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা এবং কলেজ পর্যায়ের ২০২৪ সালে নিম্নবর্ণিত ২৪টি ট্রেড/বিষয়ের সিলেবাস প্রণয়ন ও হালনাগাদকরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:-

| ক্রমিক নং | পদের নাম | পদ সংশ্লিষ্ট বিষয়/ট্রেড |
|---|---|---|
| ১. | প্রদর্শক (পদার্থবিজ্ঞান) | পদার্থবিজ্ঞান |
| ২. | প্রদর্শক (রসায়ন) | রসায়ন |
| ৩. | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি |
| ৪. | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | সামাজিক বিজ্ঞান |
| ৫. | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা |
| ৬. | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি |
| ৭. | ট্রেড ইন্সট্রাক্টর (এপারেল ম্যানুফেকচারিং বেসিকস) | এপারেল ম্যানুফেকচারিং বেসিকস |
| ৮. | ইবতেদায়ি মৌলভী | কুরআন মাজিদ, তাজবিদ ও ফিক্হ |
| ৯. | প্রভাষক (বাংলা) | বাংলা |
| ১০. | প্রভাষক (ইংরেজি) | ইংরেজি |
| ১১. | প্রভাষক (ইসলাম শিক্ষা) | ইসলাম শিক্ষা |
| ১২. | প্রদর্শক (উদ্ভিদবিজ্ঞান) | উদ্ভিদবিজ্ঞান |
| ১৩. | প্রদর্শক (প্রাণিবিজ্ঞান) | প্রাণিবিজ্ঞান |
| ১৪. | সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা)-ইসলাম ধর্ম | ইসলাম শিক্ষা |
| ১৫. | ট্রেড ইন্সট্রাক্টর (আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস) | আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস |
| ১৬. | ইবতেদায়ি শিক্ষক | ভাষা (বাংলা ও ইংরেজি) |
| ১৭. | প্রভাষক (অর্থনীতি) | অর্থনীতি |
| ১৮. | প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) | রাষ্ট্রবিজ্ঞান |
| ১৯. | প্রভাষক (ইতিহাস) | ইতিহাস |
| ২০. | প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ২১. | প্রভাষক (জীববিজ্ঞান) | জীববিজ্ঞান (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) |
| ২২. | প্রদর্শক (জীববিজ্ঞান) | জীববিজ্ঞান (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) |
| ২৩. | ট্রেড ইন্সট্রাক্টর (মেশিন অপারেশন বেসিকস) | মেশিন অপারেশন বেসিকস |
| ২৪. | ট্রেড ইন্সট্রাক্টর (অটোমোবাইল এন্ড অটো-ইলেকট্রিক বেসিকস) | অটোমোবাইল এন্ড অটো-ইলেকট্রিক বেসিকস |

## ২.৯ জনবল নিয়োগ সংক্রান্ত:

(ক) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর কার্যালয়ের রাজস্বখাতভুক্ত সহকারী প্রোগ্রামার পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের এস.আর.ও নম্বর ৪২-আইন/২০১৯- সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-১ এর ক্রমিক নং-১৪ অনুযায়ী এবং এনটিআরসিএ-এর "বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯" অনুযায়ী গঠিত বাছাই কমিটির ১২ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের ৩৭.০৫.০০০০.০০৯.১২.০০১.২০২৪.১৬২ নং পত্রের সুপারিশ মোতাবেক ০১ জন কম্পিউটার অপারেটর-কে জাতীয় বেতন স্কেল, ২০15 অনুযায়ী ১ম শ্রেণির ৯ম গ্রেডে সহকারী প্রোগ্রামার পদে এনটিআরসিএ-এর ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৩৭.০৫.০০০০.০০৯.১২.০০১.২০২৪.১৮২ সংখ্যক আদেশমূলে পদোন্নতি প্রদান করা হয়।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ শাখার ১৪ অক্টোবর, ২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.১৪.০০৩.১৬.১২০ সংখ্যক স্মারকে এনটিআরসিএ-এর রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য ১৩ গ্রেডের কম্পিউটার অপারেটর এর ০১টি, ১৪ গ্রেডের হিসাবরক্ষক এর ০১টি, ১৬ গ্রেডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ০১টি এবং ২০ গ্রেডের অফিস সহায়ক এর ০১টিসহ মোট ০৪টি শূন্য পদে নিয়োগের জন্য প্রশাসনিক অনুমোদন/ছাড়পত্র পাওয়া যায়। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর তফসিল-২(ছ) এর ক্রমিক নং-৯ অনুযায়ী 'হিসাবরক্ষক' পদে পদোন্নতির ক্ষেত্রে ক্যাশিয়ার পদে পাঁচ বৎসরের চাকুরি থাকতে হবে মর্মে উল্লেখ আছে। বর্তমানে এনটিআরসিএ-তে 'ক্যাশিয়ার' পদে একজন কর্মরত আছেন। যার চাকুরিকাল ২৮ নভেম্বর, ২০২৪ তারিখ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে। 'হিসাবরক্ষক' পদটি যেহেতু পদোন্নতিযোগ্য সেহেতু বর্ণিত পদটি ব্যতীত অবশিষ্ট ০৩টি পদে নিয়োগের কার্যক্রম এবং 'হিসাবরক্ষক' পদে পদোন্নতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

## ২.১০ শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান, সংশোধন ও দ্বি-নকল প্রদান এবং প্রত্যয়ন পত্র যাচাইয়ের সংখ্যা:

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০05 এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ মোতাবেক বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান করা হয়। এ পর্যন্ত নিবন্ধন পরীক্ষার মাধ্যমে বিভিন্ন বিষয়ে মোট ৬ লক্ষ ৭৬ হাজার ৬৬২ জন প্রার্থীকে নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান করা হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদের কিউআর (QR Code) সম্বলিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়। সরবরাহকৃত প্রত্যয়নপত্র বিষয়ে ২০২৪ সালে নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়:

## প্রত্যয়নপত্র সংশোধন


শিক্ষক নিবন্ধন পরীক্ষায় আবেদনের সময় প্রার্থী যে সকল তথ্য প্রদান করেন তার ভিত্তিতেই তাদেরকে প্রত্যয়নপত্র/শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়। প্রত্যয়নপত্রে কোন তথ্যগত ভুল থাকলে প্রার্থীদের আবেদনের ভিত্তিতে উপযুক্ত প্রমাণাদি যাচাইঅন্তে নির্ধারিত ফি'র বিনিময়ে নিবন্ধনধারীদের সংশোধিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়। ২০২৪ পঞ্জিকাবর্ষে সর্বমোট ১০৬৮ জন নিবন্ধনধারীকে তাদের আবেদনের ভিত্তিতে সংশোধিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে।

## ডুপ্লিকেট/দ্বি-নকল প্রত্যয়নপত্র

কোন নিবন্ধনধারী প্রার্থীর প্রত্যয়নপত্র হারিয়ে গেলে বা পুড়ে গেলে বা অন্য কোনভাবে বিনষ্ট হলে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ এর উপ-বিধি (৪) মোতাবেক প্রার্থীর আবেদনের ভিত্তিতে উপযুক্ত প্রমাণাদি যাচাই অন্তে নির্ধারিত ফি'র বিনিময়ে ডুপ্লিকেট/দ্বি-নকল প্রত্যয়নপত্র প্রদান করা হয়। ২০২৪ পঞ্জিকাবর্ষে সর্বমোট ৬৮ জন নিবন্ধনধারীকে তাদের আবেদনের ভিত্তিতে ডুপ্লিকেট/দ্বি-নকল প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে।

## নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই

শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের সঠিকতার বিষয়ে কোন সন্দেহের অবকাশ হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অথবা যাচাইকারী প্রতিষ্ঠান প্রধানের আবেদনের ভিত্তিতে প্রত্যয়নপত্র ইস্যুকারী প্রতিষ্ঠান হিসেবে এনটিআরসিএ কোন প্রকার ফি গ্রহণ ব্যাতিরেকে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই করে যাচাই প্রতিবেদন এনটিআরসিএ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে যাচাই প্রতিবেদন প্রদান করেন। ২০২৪ পঞ্জিকাবর্ষে ২৬৯৫ টি নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই অন্তে নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদন প্রদান করা হয়েছে।



## ২.১১ শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই প্রক্রিয়ার পরিবর্তন :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ২০০৫ সাল থেকে শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে আসছে এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর একটি শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়। শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রে ছবিসহ প্রার্থীর যাবতীয় তথ্য যথা- জন্ম তারিখ, মাতার নাম, পিতার নাম, জেলা, উপজেলা ও প্রাপ্ত নম্বর উল্লেখ থাকে। প্রার্থী যখন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশের জন্য আবেদন করেন তখন তিনি নতুন করে অন্য একটি ছবি দিয়ে আবেদন করে থাকেন। তখন নিবন্ধন এবং নিয়োগ সুপারিশ আবেদনপত্রের ছবি ভিন্ন ভিন্ন হওয়ায় অনেক সময় বিভ্রান্তির সৃষ্টি হয়। এ বিভ্রান্তি এড়াতে প্রার্থীদের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশের জন্য আবেদনে নতুন করে ছবি দেয়ার Option টি বন্ধ করে দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে । প্রার্থীর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রে শুরুতে যে ছবি ছিল শিক্ষক নিয়োগ সুপারিশপত্রে একই ছবি থাকবে। অধিকন্তু শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রে যাবতীয় তথ্য একইভাবে যদি নিয়োগ সুপারিশপত্রে থাকে তবে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই অনেকটা কমে আসবে বা যাচাইয়ের কোন প্রয়োজনীয়তা থাকবে না।

বর্তমানে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাইয়ের নিমিত্ত আবেদনপত্র সরাসরি/ডাকযোগে অথবা বাহক মারফত সংশ্লিষ্ট সেবা প্রত্যাশী প্রেরণ করে থাকেন। উক্ত প্রত্যয়নপত্র এনটিআরসিএ অফিস হতে যাচাই করা হয়, যার ফলে সেবা প্রত্যাশী এবং এনটিআরসিএ-এর সময় ও শ্রমের অপচয় হয়। এ সমস্যা হতে উত্তরণের লক্ষ্যে বিদ্যমান যাচাই প্রক্রিয়া পরিবর্তন করে ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে যাচাই করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীরা দেশের যে কোনো স্থান থেকে খুব সহজেই কাঙ্খিত সেবা গ্রহণ করতে পারবেন। বর্তমান প্রত্যয়নপত্র যাচাই পদ্ধতির পরিবর্তে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সহযোগিতায় এনটিআরসিএ-এর ওয়েবসাইটে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্ত একটি লিংক ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ২.১২ এনটিআরসিএ-এর সংশ্লিষ্ট মামলার প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম:

২০২৪ সালে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে এনটিআরসিএ সংশ্লিষ্ট বিষয়ে মোট ৭১ টি মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে ২৭ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে এবং ৪৪ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। এনটিআরসিএ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন সলিসিটর উইং, অ্যাটর্নি জেনারেলের অফিস এবং প্রতিষ্ঠানের নিজস্ব তালিকাভুক্ত প্যানেল আইনজীবীর মাধ্যমে দায়েরকৃত মামলায় প্রতিদ্বন্দ্বিতা করে থাকে। এনটিআরসিএ-এর বিপক্ষে দায়েরকৃত মোট মামলার কার্যক্রম বিষয়ক তথ্য নিম্নরুপ:




## ২.১৩ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ সংশোধনের খসড়া প্রেরণ:

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর সংশোধনী প্রণয়ন করে এনটিআরসিএ-এর নির্বাহী বোর্ডে উপস্থাপন করা হয়। এনটিআরসিএ-এর নির্বাহী বোর্ডের ৯১তম বিশেষ সভায় প্রস্তাবিত সংশোধিত আইনের খসড়া অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত অবস্থায়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর সংশোধনের নিমিত্ত সংশোধিত আইনের খসড়া, মূল আইনের কপি এবং মূল আইনের সাথে প্রস্তাবিত সংশোধিত আইনের তুলনামূলক বিবরণী শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৮ জুলাই ২০২৪ তারিখে প্রেরণ করা হয়েছে।

## ২.১৪ বার্ষিক প্রতিবেদন-২০২৩ প্রণয়ন ও প্রকাশ :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫ এর ধারা ১৭ অনুসারে প্রতি বৎসর ৩০ মার্চ বা তার পূর্বে পূর্ববর্তী ৩১ ডিসেম্বর এর মধ্যে সম্পাদিত কাজের রিপোর্ট প্রস্তত করার ও সরকারের নিকট পেশ করার বিধান রয়েছে। উক্ত বিধানের আলোকে এনটিআরসিএ-এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত স্বীয় কার্যাবলির উপর বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার নিকট প্রকাশিত বার্ষিক প্রতিবেদনের কপি হস্তান্তর করা হয়েছে।

## ২.১৫ কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনঃ

সরকার প্রবর্তিত নির্ধারিত কর্ম ঘন্টা অনুসরণ করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধি, পেশাগত উৎকর্ষতা, দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং সৃজনশীলতাকে উত্তরোত্তর বৃদ্ধির জন্য অতিথি প্রশিক্ষক ও অভ্যন্তরীণ প্রশিক্ষকের সমন্বয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। এছাড়া কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রতি মাসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের প্রশিক্ষণ শাখায় মাসের প্রথম সপ্তাহে প্রেরণ করা হয়। এছাড়া এনটিআরসিএ দপ্তরের সম্পাদিত প্রশিক্ষণসমূহের নাম, প্রশিক্ষণার্থীদের বিবরণী এবং লার্নিং পয়েন্ট বিষয় উল্লেখপূর্বক বছরভিত্তিক প্রকাশনা প্রস্তুতপূর্বক এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

## ২.১৬ তথ্য অধিকার আইন বাস্তবায়নে গৃহীত কার্যক্রমঃ

এনটিআরসিএ-এর সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার নিমিত্ত তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে এনটিআরসিএ-এর কার্যক্রম আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে প্রশংসিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করায় এনটিআরসিএ ২০২২ সনে অধিদপ্তর/সংস্থা পর্যায়ে তথ্য অধিকার পুরস্কার-২০২২ এ ১ম স্থান অর্জন করেছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ের শিক্ষক নিয়োগে আর্থিক দুর্নীতি ও অস্বচ্ছতা দূরীকরণ, মেধাবীদের চাকুরি প্রাপ্তি নিশ্চিতকরণ, সেবা প্রত্যাশীদের ব্যক্তিগত উপস্থিতি হ্রাস, ব্যয় হ্রাস এবং শিক্ষার মান উন্নয়নসহ বেকারত্ব দূরীকরণের মাধ্যমে জীবনমান উন্নয়নের জন্য এনটিআরসিএ নিরলসভাবে কাজ করছে। সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক তথ্য অধিকার আইন ও বিধিমালার বিধান যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।

২০২৪ সালে তথ্য অধিকার আইন ও বিধিমালার বিধান অনুসারে তথ্য প্রাপ্তির জন্য ১২৮টি আবেদনপত্র পাওয়া গিয়েছে এবং সবগুলো আবেদন নিস্পত্তি করা হয়েছে।

## ২.১৭ সুশাসন নিশ্চিতে গৃহীত পদক্ষেপ:

শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা এবং সুখী ও সমৃদ্ধ দেশ গড়ার প্রত্যয়ে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত এনটিআরসিএ কর্তৃক সংশ্লিষ্ট অংশীজনদের সাথে বিভিন্ন কর্মশালা/অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভা ও কর্মশালায় সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা ও সৃজনশীলতাকে উৎসাহিত করতে ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

এনটিআরসিএ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কিত কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য প্রেরণ, তথ্য হালনাগাদকরণ, সভা, প্রশিক্ষণ, কর্মশালা, অবহিতকরণ সভার আয়োজন করা হয়েছে।

## ২.১৮ কর্মপরিবেশ ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন:

এনটিআরসিএ-এর কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এ লক্ষ্যে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনে QR কোড সংযোজন করা হয়েছে। শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রে জালিয়াতি প্রতিরোধকল্পে সংশোধিত নিবন্ধন প্রত্যয়নপত্র ও দ্বি-নকল প্রত্যয়নপত্রে স্মারক নং এবং ইস্যু তারিখ লিপিবদ্ধ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়। প্রত্যয়নপত্র সংশোধন ও দ্বি-নকল প্রত্যয়নপত্র সরবরাহ সংক্রান্ত তথ্য নিয়মিত ওয়েবসাইটে প্রদানের মাধ্যমে সেবা সহজিকরণ করা হচ্ছে। শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই সহজীকরণের লক্ষ্যে অনলাইনে প্রত্যয়নপত্র যাচাই কার্যক্রম চালুকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি এবং পাসওয়ার্ড SMS-এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। NTRCA-এর তালিকাভুক্ত পরীক্ষক ও প্রশ্নপত্র প্রণয়নকারীদের ডাটাবেইজ অনলাইনে হালনাগাদকরণ এবং সংরক্ষণ করা হচ্ছে। সেবা প্রত্যাশীদের সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে এনটিআরসিএ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে।

শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সুপারিশকরণ কার্যক্রম সম্পূর্ণ কম্পিউটারাইজড পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে। সেবা প্রত্যাশীদের কাঙ্খিত সেবা ও QR কোডযুক্ত সনদ যাচাই প্রতিবেদন  ওয়েবসাইট এবং ই-মেইল এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। ডি-নথিতে ৮০% এর উপরে নথি নিষ্পত্তি করা হচ্ছে। আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের জন্য নির্ধারিত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং প্রযোজ্য ক্ষেত্রসমূহে ইজিপির মাধ্যমে ক্রয় কার্যক্রম পরিচালনা করার ফলে ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্ভব হচ্ছে।

## ২.১৯ GRS অভিযোগ প্রতিকার ব্যবস্থা GRIEVANCE REDRESS SYSTEM

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য'। সেবার মান বৃদ্ধির জন্য প্রয়োজন জনসেবা প্রদানকারী দপ্তরসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও দায়বদ্ধতা। এতদুদ্দেশ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) একটি কার্যকর পদ্ধতি হিসেবে স্বীকৃতি পেয়েছে। যে কোনো প্রতিষ্ঠানের দক্ষতা ও কার্যকারিতা পরিমাপের অন্যতম সূচক হিসেবে GRS কাজ করছে। এরই ধারাবাহিকতায় এনটিআরসিএ কার্যালয়ে জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন, সুশাসন সংহতকরণ ও ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিত করতে GRS (অনলাইন ও অফলাইন) এ প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা হচ্ছে। ২০২৪ সালে অনলাইন/অফলাইনে প্রাপ্ত ৩৬ টি আবেদনের সবগুলোই যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।

## ২.২০ উদ্ভাবনী উদ্যোগের তথ্য:

দাপ্তরিক কর্মকান্ডে কার্যকারিতা ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত যে সকল সংস্কারমূলক ও সৃজনশীল উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে সে সকল কর্মকান্ডের তালিকা:

| ক্র: নং | সংস্কার/উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ১ | শিক্ষক নিবন্ধন পরীক্ষার কার্যক্রম ডিজিটাইজকৃত | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন পরীক্ষার জন্য প্রার্থীদের অনলাইন আবেদন গ্রহণ, অনলাইনে প্রবেশপত্র সরবরাহ/আপলোড ও প্রার্থীদের অবহিতকরণসহ পরীক্ষার ফলাফল প্রার্থীদেরকে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হচ্ছে। নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সমন্বিত মেধা তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে এবং সময়ে সময়ে হালনাগাদ করা হচ্ছে। .(২০১০-২০১১) |
| ২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সুপারিশ কার্যক্রম ডিজিটাইজকৃত | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-নিবন্ধনকরণ, শূন্যপদের চাহিদার জন্য ই-রিকুইজিশন, শূন্যপদের চাহিদা ওয়েবসাইটে প্রকাশ, শূন্যপদের বিপরীতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থী নির্বাচন ইত্যাদি কাজ ডিজিটাইজেশনের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-নিবন্ধনের পর নিবন্ধিত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদের চাহিদা অনলাইনে সংগ্রহ করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্যপদের চাহিদার প্রেক্ষিতে নিবন্ধিত প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন (ই-এ্যাপ্লিকেশন) গ্রহণ করা হয়। অতঃপর নিবন্ধিত প্রার্থীগণের নিবন্ধন পরীক্ষার নম্বরের আলোকে সৃজিত মেধা তালিকা হতে প্রার্থীদের পছন্দক্রম এবং মেধার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে অটোমেশনের মাধ্যমে প্রার্থী নির্বাচন করে প্রার্থী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এসএমএস এর মাধ্যমে জানানো হয়। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিরাপত্তা/পুলিশ ভেরিফিকেশনের পর নিয়োগ সুপারিশ এসএমএস এর মাধ্যমে জানানো হয়। (২০১৭-২০১৮) |
| ৩ | অনলাইনে দ্বি-নকল (Duplicate) নিবন্ধন সনদ প্রদানের তথ্য অবহিতকরণ | দ্বি-নকল (Duplicate) প্রত্যয়নপত্র প্রদানের ক্ষেত্রে প্রার্থীদের আবেদনসমূহ নির্ধারিত ফি, জিডির কপি, একাডেমিক সনদ, প্রবেশপত্র সহকারে গ্রহণ করে যাচাই করে এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে প্রদান করা হচ্ছে। (২০১৭-২০১৮) |
| ৪ | অনলাইনে সংশোধিত নিবন্ধন সনদ প্রদানের তথ্য অবহিতকরণ | সংশোধিত নিবন্ধন সনদের আবেদন যাচাই করে এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে প্রদান করা হচ্ছে। (২০১৮-২০১৯) |
| ৫ | সনদ সংশোধন ও দ্বি-নকল সনদ সরবরাহ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রদানের মাধ্যমে সেবা সহজিকরণ | সনদ সংশোধন ও দ্বি-নকল সনদ সরবরাহের তথ্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটের সেবা বক্সে নিয়মিত প্রদর্শন করা হচ্ছে। আবেদনকারীকে টেলিফোনেও জানানো হচ্ছে। (২০১৯-২০২০) |
| ৬ | শিক্ষক নিবন্ধন সনদ যাচাই সহজিকরণ | শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের পত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রাপ্তির পর দ্রুততম সময়ে যাচাই অন্তে ০৭ দিনের মধ্যে ই-মেইলে প্রেরণ করা হচ্ছে এবং ওয়েবসাইটের সেবা বক্সে প্রদান করা হচ্ছে। ডাকযোগে হার্ডকপিও প্রেরণ করা হচ্ছে। (২০২০-২০২১) |
| ৭ | এনটিআরসিএ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য হেল্প ডেস্ক স্থাপন | এনটিআরসিএ-এর বিভিন্ন তথ্য প্রদানের জন্য হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। হেল্প ডেস্কের ফোন নম্বর (০২-৪১০৩০১৩০) ওয়েবসাইটের অনুসন্ধান আইকনে প্রদর্শন করা হচ্ছে। (২০২০-২০২১) |
| ৮ | শিক্ষক নিবন্ধন সনদ যাচাই প্রতিবেদনে QR কোড সংযোজন | বিভিন্ন প্রতিষ্ঠান হতে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই আবেদনের প্রেক্ষিতে এনটিআরসিএ কর্তৃক প্রেরিত সনদ যাচাই প্রতিবেদনের জালিয়াতি প্রতিরোধকল্পে QR কোড সংযোজন করা হয়। (২০২১-২০২২) |

| ক্র: নং | সংস্কার/উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ৯ | প্রতিষ্ঠানের ইউজার আইডি এবং পাসওয়ার্ড SMS এর মাধ্যমে প্রদান | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রতিষ্ঠান সমূহকে ই-রেজিস্ট্রেশন এর মাধ্যমে প্রোফাইল তৈরি করতে হয় এবং পরবর্তীতে ই-রিকুইজেশন এর মাধ্যমে শূন্যপদের চাহিদা নেওয়া হয়। অনেক প্রতিষ্ঠানের পূর্বতন প্রতিষ্ঠান প্রধান অবসরে চলে গেলে অথবা বিভিন্ন কারণে প্রতিষ্ঠানসমূহ ইউজার আইডি এবং পাসওয়ার্ড হারিয়ে ফেলে। আগে টেলিটক বাংলাদেশ হতে ইউজার আইডি এবং পাসওয়ার্ড সরবরাহ করা হতো যা বেশ সময়সাপেক্ষ ছিল। এখন খুব দ্রুততার সাথে এনটিআরসিএ হতে মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রতিষ্ঠান প্রধান/USEO/DEO-গণকে ইউজার আইডি এবং পাসওয়ার্ড সরবরাহ করা হয়। (২০২১-২০২২) |
| ১০ | শিক্ষক নিবন্ধন সনদের জালিয়াতি প্রতিরোধকল্পে সংশোধিত নিবন্ধন সনদ ও দ্বি-নকল সনদে স্মারক নং এবং ইস্যু তারিখ লিপিবদ্ধকরণ | নিবন্ধিত শিক্ষকগণের নিবন্ধন প্রত্যয়নপত্র হারিয়ে গেলে অথবা সংশোধনের প্রয়োজন হলে এনটিআরসিএ'র প্রদানকৃত শিক্ষক নিবন্ধন সনদের জালিয়াতি প্রতিরোধকল্পে সংশোধিত নিবন্ধন সনদ ও দ্বি-নকল সনদে স্মারক নং এবং ইস্যু তারিখ লিপিবদ্ধকরণ করা হয়। (২০২১-২০২২) |
| ১১ | NTRCA এর তালিকাভুক্ত পরীক্ষক/প্রশ্নপত্র প্রণয়নকারীদের ডাটাবেইজ অনলাইনে হালনাগাদকরণ এবং সংরক্ষণ। | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন পরীক্ষার জন্য প্রশ্নপত্র প্রণয়নকারী, পরিশোধনকারী, পরীক্ষক ও প্রধান পরীক্ষক এর পুল এর তালিকাটি হালনাগাদের উদ্দেশ্যে গুগল ফরম এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল । সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষ, অভিজ্ঞ ও আগ্রহী শিক্ষকবৃন্দ এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশিত লিংকে প্রবেশ করে অথবা সংযুক্ত QR কোড স্ক্যান করে লিংকে প্রবেশ করে তথ্য ফরমটি পূরণ করার মাধ্যমে তালিকাটি হালনাগাদ করতেন। (২০২১-২০২২) |
| ১২ | NTRCA Certification Verification System নামে সফটওয়্যার প্রস্তুতকরণ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১ নং কার্যক্রমের আওতায় সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে সিটিজেনস চার্টারভুক্ত সেবা "শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই" কাজ সহজে, নির্ভুলভাবে ও দ্রুততার সাথে সম্পাদন এর লক্ষ্যে NTRCA Certificate Verification System নামে একটি সফ্টওয়ার প্রস্তুত করা হয়েছিল। (২০২২-২০২৩) |
| ১৩ | NTRCA এর নিবন্ধন সনদ অনলাইনে যাচাইকরণ | NTRCA এর ওয়েবসাইটে নিবন্ধিত প্রার্থীদের নিবন্ধন সনদ অনলাইনে যাচাই করা যায়। (২০২৪-২০২৫) |
| ১৪ | NTRCA এর নিয়োগ সুপারিশপত্র অনলাইনে যাচাই | NTRCA এর ওয়েবসাইটের মাধ্যমে নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের নিয়োগ সুপারিশপত্র যাচাই করা যায় । (২০২৪-২০২৫) |

# সেবা প্রদান প্রতিশ্রুতি

**ভূমিকা :** বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। এ সংস্থা ২০০৫ সালে 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে মেধাবী, যোগ্য ও দক্ষ শিক্ষক নির্বাচন এবং নিয়োগ সুপারিশ করে।

## ৩.১ ভিশন

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

## ৩.২ মিশন

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধাতালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিকুইজিশন গ্রহণ এবং প্রাপ্ত শূন্য পদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধারভিত্তিতে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূন্য পদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

## ৩.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. শিক্ষক নিবন্ধন পদ্ধতি স্বচ্ছ, মানসম্মত ও সম্পূর্ণ দুর্নীতিমুক্তকরণ;

২. দক্ষ ও মানসম্মত শিক্ষক নিয়োগ সুপারিশ নিশ্চিতকরণ;

৩. শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে একটি ন্যূনতম শিক্ষক-মান (Teachers' Standard) নির্ধারণের লক্ষ্যে বিষয়-ভিত্তিক প্রতিযোগিতামূলক পরীক্ষা অনুষ্ঠান;

৪. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধিতে ডিজিটাইজেশনকরণ;

৫. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;

৬. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

## ৩.৪ প্রতিশ্রুত সেবাসমূহ

### ৩.৪.১ নাগরিক সেবা :

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রস্তুত ও প্রকাশ। | এনটিআরসিএ ও শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটসহ দুটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ। | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) ও পত্রিকা | বিনামূল্যে | প্রতি বছর অন্তত একবার | সচিব (উপসচিব)<br>ফোন: ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd<br>উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd |
| ২. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস প্রকাশ। | এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশ। | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | ওয়েবসাইটে বর্ণিত সময় | উপপরিচালক (পাঠ্যসূচি প্রণয়ন)<br>ফোন: ০২-৪১০৩০০৪১<br>ই-মেইল : dd_pedagogy2@ntrca.gov.bd |
| ৩. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন গ্রহণ। | অনলাইনে | শিক্ষক নিবন্ধন পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য প্রমাণাদি। | ৩৫০ টাকা। টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে পরিশোধযোগ্য। | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির বর্ণনা অনুযায়ী। | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৪. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন জমা প্রদানের বিষয়ে আবেদনকারীদের অভিযোগ নিষ্পত্তি। | অনলাইনে | অভিযোগের সমর্থনে সংশ্লিষ্ট প্রমাণাদি (যদি থাকে)। | বিনামূল্যে | ০১ কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>**ই-মেইল** : sa@ntrca.gov.bd |
| ৫. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র প্রদান। | অনলাইনে ও SMS এর মাধ্যমে প্রার্থীদের অবহিতকরণ | প্রযোজ্য নয় | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির বর্ণনা অনুযায়ী। | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৬. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র সম্পর্কে আবেদনকারীদের অভিযোগ নিষ্পত্তি। | অনলাইন ও SMS এর মাধ্যমে। | ক. শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদনের হার্ডকপি,<br>খ. অভিযোগের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র। | বিনামূল্যে | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)<br>ফোন: ০২-৫৫১৩৮৫০৮<br>ই-মেইল : ad_exam1@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৭. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্টের ফলাফল প্রকাশ। | অনলাইন ও SMS এর মাধ্যমে। | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষা বিধি অনুযায়ি প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে। | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৮. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রদান। | অনলাইনে ও SMS এর মাধ্যমে প্রার্থীদের অবহিতকরণ | প্রযোজ্য নয় | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির বর্ণনা অনুযায়ী। | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৯. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তি/প্রদানে সমস্যা সৃষ্টি হলে এ বিষয়ে আবেদনকারীকে সহায়তা প্রদান। | অনলাইনে | ক. শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদনের হার্ডকপি,<br>খ. অভিযোগের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র। | বিনামূল্যে | ০১ কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ১০. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ। | অনলাইন ও SMS এর মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের অবহিতকরণ | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষা বিধি অনুযায়ি লিখিত পরীক্ষা অনুষ্ঠানের ৬০ (ষাট) দিনের মধ্যে। | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১১. | শিক্ষক নিবন্ধন মৌখিক পরীক্ষার বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবহিতকরণ ও প্রবেশপত্র প্রদান। | অনলাইন ও SMS এর মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের অবহিতকরণ | প্রযোজ্য নয় | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির বর্ণনা অনুযায়ী। | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ১২. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সম্পর্কে আবেদনকারীর অভিযোগ নিষ্পত্তি। | অনলাইনে | ক. শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদনের হার্ডকপি,<br>খ. অভিযোগের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র। | বিনামূল্যে | ০১ কার্যদিবস | সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)<br>ফোন: ০২-৫৫১৩৮৫০৮<br>ই-মেইল : ad_exam1@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ১৩. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ। | অনলাইনে ও উত্তীর্ণ প্রার্থীদের SMS এর মাধ্যমে অবহিতকরণ | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষা বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সকল প্রার্থীর মৌখিক পরীক্ষা সম্পন্ন হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে। | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ১৪. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশের পর সমন্বিত জাতীয় মেধাতালিকা হালনাগাদকরণ। | অনলাইনে | প্রযোজ্য নয় | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ১৫ | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান। | জেলা শিক্ষা অফিস এর মাধ্যমে। | প্রবেশ পত্র | বিনামূল্যে | শিক্ষক নিবন্ধন পরীক্ষা বিধি অনুযায়ী চূড়ান্ত ফলাফল প্রকাশের ৯০ (নব্বই) দিনের মধ্যে। | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)<br>ফোন: ০২-৫৫১৩৮৫০৮<br>ই-মেইল : ad_exam1@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | শিক্ষক নিবন্ধন পরীক্ষা সংক্রান্ত যাবতীয় অভিযোগ নিষ্পত্তি। | অনলাইন ও হার্ডকপি | অভিযোগের সমর্থনে প্রমাণাদি | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)<br>ফোন: ০২-৫৫১৩৮৫০৮<br>ই-মেইল : ad_exam1@ntrca.gov.bd |
| ১৭. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে ডুপ্লিকেট প্রত্যয়নপত্র প্রদান। | হাতে হাতে প্রদান | ক. নির্ধারিত আবেদন ফরম এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রকাশিত।<br>খ. প্রত্যয়নপত্র হারিয়ে যাওয়া বা নষ্ট হওয়া সম্পর্কে থানায় জিডি এন্ট্রির কপি,<br>গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের সত্যায়িত কপি<br>ঘ. ডুপ্লিকেট প্রত্যয়নপত্র প্রদানের সমর্থনে উপযুক্ত অন্যান্য প্রমাণাদি। | ১০০ (একশত) টাকা<br>সচিব, এনটিআরসিএ বরাবর পে অর্ডারের মাধ্যমে প্রদেয়। | ৩০ (ত্রিশ) কার্যদিবস। | সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)<br>ফোন: ০২-৪১০৩০৩৯৩<br>ই-মেইল : ad_exam2@ntrca.gov.bd |
| ১৮. | শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশোধিত প্রত্যয়নপত্র প্রদান। | হাতে হাতে প্রদান | ক. নির্ধারিত আবেদন ফরম এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রকাশিত<br>খ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের সত্যায়িত কপি<br>গ. নিবন্ধন সনদের সত্যায়িত কপি<br>ঘ. সংশ্লিষ্ট শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রবেশ পত্রের সত্যায়িত কপি। | ১০০ (একশত) টাকা<br>সচিব, এনটিআরসিএ বরাবর পে অর্ডারের মাধ্যমে প্রদেয় | ৩০ (ত্রিশ) কার্যদিবস | সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২)<br>ফোন: ০২-৪১০৩০৩৯৩<br>ই-মেইল : ad_exam2@ntrca.gov.bd |
| ১৯. | নিবন্ধনধারী আগ্রহী শিক্ষক প্রার্থীদের নিকট হতে অনলাইনে | অনলাইনে | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | আবেদন ফি ১,০০০.০০ টাকা। একই আবেদনে | বিজ্ঞাপিত সময়সীমা অনুযায়ী। | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | আবেদন (e-Application) গ্রহণ। | | | একজন আবেদনকারী সর্বোচ্চ ৪০টি (চল্লিশ) প্রতিষ্ঠানের নাম পছন্দ হিসেবে দিতে পারবেন। টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে পরিশোধযোগ্য | | |
| ২০. | অনলাইনে আবেদন (e-Application) সংশ্লিষ্ট বিভিন্ন জিজ্ঞাসার জবাব। | টেলিফোনে/ ই-মেইলে | প্রার্থীর পরিচিতির সমর্থনে তথ্যাদি। | বিনামূল্যে | টেলিফোনে ০১ কার্যদিবস/ ই-মেইলে- ০৩ (তিন) কার্যদিবস | উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)<br>ফোন: ০২-৪১০৩০১২৯<br>ই-মেইলঃ dd_pedagogy1@ntrca.gov.bd |
| ২১. | মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর তালিকা অনলাইনে (ই-রেজাল্ট) প্রকাশ। | অনলাইন / SMS মারফত | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর নাম/তালিকা প্রস্তুত এবং ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ২২. | মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর তালিকা অনুযায়ী প্রতিষ্ঠানকে অবহিতকরণ। | SMS/পত্র মারফত | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ২৩. | NTRCA কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর নিয়োগ না হওয়া সম্পর্কিত অভিযোগ নিষ্পত্তিকরণ। | অনলাইন/এসএমএস/ হার্ডকপি | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | ৬০ কার্যদিবস | উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)<br>ফোন: ০২-৪১০৩০১২৯<br>ই-মেইলঃ dd_pedagogy1@ntrca.gov.bd |
| ২৪. | তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য প্রদান। | তথ্য অধিকার আইন, ২০০৯ এর নির্ধারিত ফরম অনুযায়ী প্রার্থীর চাহিত পদ্ধতির মাধ্যমে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফরমেটে আবেদন। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফি। | তথ্য অধিকার আইনে বর্ণিত সময়সীমা অনুযায়ী। | সচিব (উপসচিব)<br>ফোন: ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd |
| ২৫. | তথ্য কেন্দ্র | সেবা গ্রহীতার সাথে ব্যক্তিগত আলোচনা/টেলিফোন ও মোবাইলে। | ক. সেবাপ্রার্থীর চাহিদা মোতাবেক,<br>খ. অফিসের প্রবেশ মুখে/ফ্রন্টডেস্ক | বিনামূল্যে | ১ কার্যদিবস | রিসিপশনিস্ট/ফ্রন্টডেস্ক<br>ফোনঃ ০২-৪১০৩০১৩০ |
| ২৬. | গণসচেতনতা বৃদ্ধির জন্য প্রচারাভিযান। | হার্ডকপি/ওয়েবসাইট | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | ১ কার্যদিবস | সচিব (উপসচিব)<br>ফোন: ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ২৭. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকদের সম্মানি প্রেরণ | EFT | এনটিআরসিএ কর্তৃক নির্ধারিত বিল ফরম | বিনামূল্যে | ৬০ কার্যদিবস | সচিব (উপসচিব)<br>ফোন: ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd<br>সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)<br>ফোন: ০২-৫৫১৩৮৫০৮<br>ই-মেইল : ad_exam1@ntrca.gov.bd |

## ৩.৪.২ প্রাতিষ্ঠানিক/দাপ্তরিক সেবা :

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | শিক্ষক নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক গৃহীত অনলাইন কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-রেজিস্ট্রেশন। | অনলাইনে | এনটিআরসিএ-এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ২. | এনটিআরসিএ কর্তৃক ইস্যূকৃত নিবন্ধন প্রত্যয়নপত্রের সঠিকতা সম্পর্কে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরের চাহিদার প্রেক্ষিতে সনদ যাচাই প্রতিবেদন প্রদান। | ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র/যাচাই প্রতিবেদন প্রেরণ<br>খ) প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা দপ্তরের অনুরোধপত্র। | বিনামূল্যে | ১৫ কার্যদিবস | উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)<br>ফোন: ০২-৪১০৩০১২৮<br>ই-মেইল : dd_exam@ntrca.gov.bd<br>সহকারী পরিচালক (পমূপ্র-১, পমূপ্র-২, পমূপ্র-৩) |
| ৩. | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে নিয়োগযোগ্য শূন্য পদের তালিকা সংগ্রহ। | অনলাইন ও হার্ড কপি | প্রযোজ্য নয় | বিনামূল্যে | প্রতি বছর ৩০শে নভেম্বরের মধ্যে | উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)<br>ফোন: ০২-৪১০৩০১২৯<br>ই-মেইলঃ dd_pedagogy1@ntrca.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনে পাসওয়ার্ড পুনঃপ্রদান। | SMS মারফত | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত অনুরোধ/USEO কর্তৃক ওয়েবসাইটে তালিকা সংশোধন। | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৫. | শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালনার ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ কেন্দ্রে প্রেরণ | EFT | ব্যাংক হিসাব নম্বর | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | সচিব (উপসচিব)<br>ফোন: ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd |
| ৬. | শিক্ষক নিয়োগের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদা (ই-রিকুইজিশন) গ্রহণ। | অনলাইনে | বিজ্ঞপ্তি মোতাবেক | ২০০ টাকা। টেলিটক<br>প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে পরিশোধযোগ্য | বিজ্ঞপ্তিতে প্রদত্ত সময়সীমার মধ্যে। | উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)<br>ফোন: ০২-৪১০৩০১২৯<br>ই-মেইল : dd_pedagogy1@ntrca.gov.bd<br>সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৭. | শিক্ষক নিয়োগের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত চাহিদা সংশোধন। | অনলাইনে | প্রতিষ্ঠান হতে দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd |
| ৮. | সেবা ও সরবরাহ বিষয়ে বিল প্রদান। | চেক এর মাধ্যমে | ক. ঠিকাদার কর্তৃক শর্ত প্রতিপালন সংশ্লিষ্ট প্রমাণাদি,<br>খ. বিল। | বিনামূল্যে | ০৩ কার্যদিবস | সহকারী পরিচালক (ক্রয় ও সেবা)<br>ফোনঃ ০২-৪১০৩০৩৯৪<br>ই-মেইল : ad_admin1@ntrca.gov.bd |
| ৯. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে বাছাইকৃত প্রার্থীর যোগদান সংক্রান্ত তথ্য সংগ্রহ। | অনলাইনে | অনলাইন রিপোর্ট। | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | সিস্টেম এনালিস্ট<br>ফোন: ০২-৪১০৩০১২৬<br>ই-মেইল : sa@ntrca.gov.bd<br>সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-১)<br>ফোন: ০২-৪১০৩০৩৯৩<br>ই-মেইল ad_pedagogy1@ntrca.gov.bd |

### ৩.৪.৩ অভ্যন্তরীণ সেবা :

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | এনটিআরসিএ-এর কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন/চাকরি রেকর্ড ও ব্যক্তিগত নথি সংরক্ষণ। | ক. যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান,<br>খ. সার্ভিস বহি হালনাগাদকরণ। | ক.বার্ষিক গোপনীয় অনুবেদন<br>খ. সার্ভিস বহি। | বিনামূল্যে | এসিআর বিধিমালায় বর্ণিত সময় অনুযায়ী। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০২-৫৫১৩৮৫০৭<br>ই-মেইল : ad_admin3@ntrca.gov.bd |
| ২. | কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বিষয়ক আবেদন নিষ্পত্তি। | পত্রজারি | ক. আবেদনপত্র,<br>খ. ছুটির হিসাব। | বিনামূল্যে | সচিবালয় নির্দেশমালা ২০২৪ এবং এনটিআরসিএ-এর প্রবিধানমালা | সচিব (উপসচিব)<br>ফোনঃ ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd |
| ৩. | চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট অর্থবছরের যাবতীয় মালামাল সরবরাহ। | সংশ্লিষ্ট অনুবিভাগে সরবরাহ। | সংশ্লিষ্ট অনুবিভাগের রিকুইজিশন। | বিনামূল্যে | বিধি মোতাবেক টেন্ডার/ই-টেন্ডার/কোটেশন প্রক্রিয়া সমাপ্তির পর ১৫ (পনের) কার্যদিবস। | সচিব (উপসচিব)<br>ফোনঃ ০২-৪১০৩০১২০<br>ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd |
| ৪. | ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান/আবেদনপত্র অগ্রায়ন। | আবেদন অগ্রায়ন/অনুমতি প্রদান | ক. আবেদনপত্র<br>খ. ব্যক্তিগত নথি | বিনামূল্যে | সচিবালয় নির্দেশমালা ২০২৪ মোতাবেক। | সহকারী পরিচালক, প্রশাসন<br>ফোনঃ ০২-৫৫১৩৮৫০৭<br>ই-মেইল : ad_admin3@ntrca.gov.bd |
| ৫. | প্রাপ্যতা/বিধি অনুযায়ী যানবাহন সেবা। | ক) মেরামতের ক্ষেত্রে সংশ্লিষ্ট গাড়িচালকের রিকুইজিশন<br>খ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে গাড়ি হস্তান্তর/রক্ষণাবেক্ষণ। | প্রযোজ্য নয় | – | – | – |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও দাপ্তরিক ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৬. | সাধারণ ভবিষ্য তহবিল হতে প্রদেয় অগ্রিম প্রদানের অনুমতি ও মঞ্জুরি (প্রযোজ্য ক্ষেত্রে অগ্রায়ন) | সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন ও হিসাবরক্ষণ অফিসারের প্রত্যয়ন | সংশ্লিষ্ট আবেদনকারী। | – | – | – |
| ৭. | কল্যাণ তহবিল হতে চিকিৎসা/জটিল রোগের চিকিৎসার ব্যয় মঞ্জুরির আবেদনপত্র অগ্রায়ন। | ক) কল্যাণ বোর্ড কর্তৃক নির্ধারিত তথ্য ছক এবং তথ্য ছকে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র। | ক) নির্ধারিত ছক www.bkkb.gov.bd তে পাওয়া যাবে<br>খ) আবেদনকারী প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করবেন। | – | – | – |
| ৮. | এনটিআরসিএ'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ/পদোন্নতি/শৃঙ্খলা/বদলি | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ অনুযায়ী | আবেদনপ্রাপ্তি/অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে | – | – | – |

# বাজেট

# বাজেট

**(২০২৩-২০২৪ অর্থবছর)**

| | ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত এবং প্রকৃত আয়-ব্যয়ের সংক্ষিপ্ত হিসাব | | | | | | *(হিসাব লক্ষ টাকায়)* | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | **ব্যয়** | | | |
| ক্রম | অর্থনৈতিক কোড | বিবরণ | ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত বাজেট | ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন ২০২৪ পর্যন্ত প্রকৃত আয় | অর্থনৈতিক কোড | বিবরণ | ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত বাজেট | ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন ২০২৪ পর্যন্ত প্রকৃত ব্যয় |
| ১ | পূর্ববর্তী অর্থবছরের সমাপনী স্থিতি | | ৯৭৩.৬০ | ৯৭৩.৬০ | ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | ১৪৪.৬০ | ১৩৬.৭৯ |
| ২ | ১৪১১২০৪ | ব্যাংক সুদ (এফডিআর সুদসহ) | ২,৪০০.০০ | ২৩৯৮.৫৬ | ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ৯৬.৯৪ | ৭৬.৪৪ |
| ৩ | ১৪২২৩২৬ | পরীক্ষা ফি (e-Application, e-Requsition & etc) | ৪,০০০.০০ | ৬,০০৯.২০ | ৩১১১৩০১-৩১১১৩৩৫ | ভাতাদি | ২৯১.৩৬ | ২১০.৭২ |
| ৪ | ১৪২২৪০২ | দ্বি-নকল চার্জ | ০.৩০ | ০.২৮ | ৩২১১১০১-৩২৫৮১০৭ | পণ্য ও সেবার ব্যবহার | ২,৮৭২.৫০ | ২,৩২৬.২৯ |
| ৫ | ১৪২২৩২৮ | দরপত্র দলিল ফি | ০.১০ | - | ৩৪২১৫০৬ | প্রদেয় ভবিষ্য তহবিল | ৪৫.০০ | ৩২.৭১ |
| ৬ | ১৪২৩২০৪ | সরকারি যানবাহন | ০.১০ | ০.৬৪ | ৩৭২১১০২ | কল্যাণ অনুদান | ১০০.০০ | - |
| ৭ | ১৪২৩২২৫ | কাগজ ও স্টেশনারি | ০.০২ | ০.০১ | ৩৭৩১১০১ | আনুতোষিক | - | - |
| ৮ | ১৪২৩২২৬ | ব্যবহৃত কাগজ ও স্টেশনারি | ২.০০ | ২.২৫ | ৪১১১২০১-৪১১৩৩০১ | মূলধন ব্যয় | - | - |
| ৯ | ১৪৪১২৯৯ | বিবিধ | ০.৫০ | ০.০৯ | ৪১৪১১০১ | ভূমি অধিগ্রহণ ও ক্রয় | ৭৭৫.৫০ | ২০.৮২ |
| ১০ | আয় | | ৬,৪০৩.০২ | ৮৪১১.০৩ | ৭২১৫১০১-৭২১৫১০৫ | আর্থিক সম্পদ | ২,৫০০.০০ | - |
| ১১ | সর্বমোট আয় (১+১০) | | **৭৩৭৬.৬২** | **৯৩৮৪.৬৩** | | **মোট ব্যয়** | **৬৮২৫.৯০** | **২৮০৩.৭৭** |

# বাজেট

(২০২৪-২০২৫ অর্থবছর)

| | আয় | | | | ব্যয় | | (হিসাব লক্ষ টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | অর্থনৈতিক কোড | বিবরণ | ২০২৪-২০২৫ অর্থবছরের অনুমোদিত বাজেট | ২০২৪-২০২৫ অর্থবছরের ডিসেম্বর ২০২৪ পর্যন্ত প্রকৃত আয় | অর্থনৈতিক কোড | বিবরণ | ২০২৪-২০২৫ অর্থবছরের অনুমোদিত বাজেট | ২০২৪-২০২৫ অর্থবছরের ডিসেম্বর ২০২৪ পর্যন্ত প্রকৃত ব্যয় |
| ১ | পূর্ববর্তী অর্থবছরের সমাপনী স্থিতি | | ১০৮৮০.৮৬ | ১০৮৮০.৮৬ | ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | ১৫৯.১৮ | ৫৯.৫৩ |
| ২ | ১৪১১২০৪ | ব্যাংক সুদ | ৯২.০০ | ২৭৯.৭২ | ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ৯৯.৪৬ | ৩৯.১৩ |
| | | এফডিআর সুদ | ২৮০৮.০০ | ২৬ | ৩১১১৩০১-৩১১১৩৩৫ | ভাতাদি | ৩০১.১৪ | ৮১.৭২ |
| ৩ | মোট ব্যাংক সুদ | | ২৯০০.০০ | ৩০৫.৭২ | ৩২১১১০৬-৩২৫৮১০৭ | পণ্য ও সেবার ব্যবহার | ৫০৪২.৫০ | ৩৪২.৪২ |
| ৪ | ১৪২২৩২৬ | পরীক্ষা ফি (e-Application, e-Requgitions & etc) | ৪০০০.০০ | ১২০.৮৫ | ৩৪২১৫০৬ | প্রদেয় ভবিষ্য তহবিল | ৫০.০০ | - |
| ৫ | ১৪২২৪০২ | দ্বি- নকল চার্জ | ০.৩০ | ০ | ৩৭২১১০২ | কল্যাণ অনুদান | ১০০.০০ | - |
| ৭ | ১৪২২৩২৮ | দরপত্র দলিল ফি | ০.১০ | ০ | ৩৫১২১০৩ | ০ | - | - |
| ৮ | ১৪২৩২০৪ | সরকারি যানবাহন | ০.১০ | ০ | ৩৭৩১১০১ | ০ | - | - |
| ৯ | ১৪২৩২২৫ | কাগজ ও স্টেশনারি | ০.০২ | ০ | ৪১১১২০১-৪১১৩৩০১ | মূলধন ব্যয় | ৮৮১.০০ | ১৫.১৫ |
| ১০ | ১৪২৩২২৬ | ব্যবহৃত কাগজ ও স্টেশনারি | ২.০০ | ১.৯৭ | ৪১৪১১০১ | ভূমি অধিগ্রহণ / ক্রয় | ৪০০০.০০ | - |
| ১১ | ১৪৪১২৯৯ | বিবিধ | ০.৫০ | ০ | ৭২১৫১০১-৭২১৫১০৫ | আর্থিক সম্পদ | - | - |
| ১২ | আয় | | ৬৯০৩.০২ | ১২২.৮২ | | মোট ব্যয় | ১০৬৩৩.২৮ | ৫৩৭.৯৫ |
| ১৩ | | | | | | ব্যাংকে বিনিয়োগ | - | - |
| ১৪ | সর্বমোট আয় (ক্রমিক নং ১+১২) | | ১৭৭৮৩.৮৮ | ১১৩০৯.৪০ | | সর্বমোট ব্যয় | ১০৬৩৩.২৮ | ৫৩৭.৯৫ |

## ০৫. কর্তৃপক্ষের ভবিষ্যৎ পরিকল্পনা

- সেবা প্রত্যাশীদের স্বল্প সময়ে, স্বল্প খরচে এবং ব্যক্তিগত উপস্থিতি ছাড়া সেবা প্রদান নিশ্চিতকরণ;
- এনটিআরসিএ-এর স্থায়ী কার্যালয় স্থাপন;
- শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহে প্রার্থীর আবেদনপত্রে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, পরীক্ষার সাল ও বোর্ডের তথ্য প্রদান সাপেক্ষে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ শিক্ষা বোর্ডের ডাটাবেইজ থেকে স্বয়ংক্রিয়ভাবে পূরণ;
- নিয়োগ সুপারিশের জন্য গৃহীত পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করে পরীক্ষার সময়কে যৌক্তিকভাবে হ্রাসকরণ;
- নিয়োগ সুপারিশের বিষয়টি অন্তর্ভুক্ত করে এনটিআরসিএ-এর পরীক্ষা বিধিমালা সংশোধন;
- এনটিআরসিএ-এর বিদ্যমান আইন, বিধি ও প্রবিধান প্রয়োজন অনুযায়ী যুগোপযোগীকরণ।

# ০৬. উপসংহার

উন্নত শিক্ষা ব্যবস্থার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্মত শিক্ষক নিয়োগ একান্ত প্রয়োজন। এনটিআরসিএ অত্যন্ত স্বচ্ছতা ও যোগ্যতার ভিত্তিতে পরীক্ষা গ্রহণ, প্রত্যয়ন প্রদান এবং সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে প্রবেশ পর্যায়ে শূন্যপদে নিয়োগ সুপারিশ প্রদান করছে। এ পর্যন্ত ১ লক্ষ ৪০ হাজার ২০৮ জন শিক্ষককে অটোমেশন পদ্ধতিতে মেধার ভিত্তিতে নির্বাচন করে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়েছে। মেধার ভিত্তিতে নির্বাচিত এ সকল শিক্ষক ভবিষ্যত প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষার মাধ্যমে যোগ্য নাগরিক গড়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে। সেবা প্রত্যাশীদের কাছে এ দপ্তরের স্বচ্ছতা, জবাবদিহিতা ও সেবার মান উন্নয়নের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার জন্য এনটিআরসিএ নিরন্তর কাজ করে যাচ্ছে।

**Non-Government Teachers' Registration and Certification Authority (NTRCA)**
Red Crescent Borak Tower, Level-4
37/3/A, Eskaton Garden Road, Ramna, Dhaka-1000
www.ntrca.gov.bd